

পরলোকে সুগম যাত্রা

কৃষ্ণকৃপাশ্রীমূর্তি

শ্রীল অভয়চরণারবিন্দ ভক্তিবেদাস্ত স্থামী প্রভূপাদ

আন্তর্জাতিক কৃষ্ণভাবনামৃত সংঘের প্রতিষ্ঠাতা-আচার্য কর্তৃক রচিত

ইংরেজী Easy Journey To Other Planets-প্রয়ের বঙ্গানুবাদ

অনুবাদক ঃ জীমৎ সূড়গ স্বামী মহারাজ



ভক্তিবেদান্ত বুক ট্রাস্ট

শ্রীমায়াপুর, কলকাতা, মুমাই, লস এ্যাঞ্জেলেস, লণ্ডন, স্টকহোম, সিডনি, হংকং

পরলোকে সুগম যাত্রা

কৃষ্ণকৃপাশ্রীমৃর্তি

শ্রীল অভয়চরণারবিন্দ ভক্তিবেদান্ত স্বামী প্রভূপাদ

আন্তর্জাতিক কৃষ্ণভাষনামৃত সংঘের প্রতিষ্ঠাতা-আচার্য কর্তৃক রচিত

ইংরেজী Easy Journey To Other Planets-গ্রহের বলানুবাদ

অনুবাদক : শ্রীমৎ সূভগ স্বামী মহারাজ



ভক্তিবেদান্ত বুক ট্রাস্ট

শ্রীমারাপুর, ফলকাতা, মৃম্বাই, লস এাঞ্জেলেস, লগুন, স্টকহোম, সিডনি, হংকং

Easy Journey To Other Planets (Bengali)

প্রকাশক ঃ ভক্তিবেদান্ত বুক ট্রাস্টের পক্ষে শ্যামরূপ দাস ব্রহ্মচারী

প্রথম সংকরণ ঃ ২০০৫, ৩০০০ কপি দ্বিতীয় সংস্করণ ঃ ২০০৬, ৫০০০ কপি

গ্রা**ছ্ত্রত্ব ঃ** ২০০৬ ভজিবেদান্ত বুক ট্রাস্ট কর্তৃক সর্বস্থা সংরক্ষিত

মুদ্রণ ৪
ভক্তিবেদান্ত বুক ট্রাস্ট প্রেস
বৃহৎ মৃদঙ্গ ভবন
শ্রীমায়াপুর, ৭৪১৩১৩
নদীয়া, পশ্চিমবঙ্গ

ক্র (০৩৪৭২) ২৪৫-২১৭, ২৪৫-২৪৫



শ্রীল অভয়চরণারবিন্দ ডক্তিবেদান্ত স্বামী প্রভূপ	াদ রচিত গ্রন্থাবলী ঃ
শ্রীমন্তগবদ্গীতা যথায়থ	
শ্রীমন্তাগবত (১ম-১২শ স্কন্ধ, ১৮ খণ্ডে)	
খ্রীচেডন্য-চরিভামৃত (৪ খণ্ডে)	
লীলা পুরুষোত্তম খ্রীকৃষ্ণ (৩ খণ্ডে)	
ভক্তিরসামৃতসিন্ধু	
আত্মজান লাভের পছা	
শ্রীকৈতন্য মহাপ্রভূর শিক্ষা	
দেবহুতি নন্দন কপিল শিক্ষামৃত	
কুণ্ডীদেষীর শিক্ষা	
গীতার রহস্য	
জীবন আসে জীবন থেকে	
গ্রীউপদেশামৃত	
এটিশোপনিবদ	
আদর্শ প্রথম আদর্শ উত্তর	
কৃষ্ণভাবনার অমৃত	
অমৃতের সভানে	
কৃষ্ণভাবনামূতের অনুপম উপহার	
श्रीकृदकार नक्षांत्र	
পঞ্চত্তরপে ভগবান ঐটিচতন্য মহাপ্রভু	
গীতার গান	
কৃষ্ণভক্তি সূৰ্বোত্তম বিজ্ঞান	
যোগসিদ্ধি	
কৃষ্ণভক্তি প্রচারই প্রকৃত পরোপকার	
श्रतकृतः गारमञ्ज	
ভগবৎ-দর্শন (মাসিক পত্রিকা)	1
হরেকৃষ্ণ সংকীর্তন সমাচার (পাক্ষিক পত্রিকা)	
বিশেষ অনুসন্ধানের জন্য নিম্নলিখিত ঠিকানায়	যোগাযোগ করুন ঃ
ডক্তিবেদান্ত বুক ট্রাস্ট	ভক্তিবেদান্ত বুক ট্রাস্ট
বৃহৎ মৃদঙ্গ ভবন	ডি.বি-৪৫
শ্রীমায়াপুর, ৭৪১৩১৩	সল্টলেক
নদীয়া, পশ্চিমবঙ্গ	কলকাতা৭০০০৬৪

সূচীপত্ৰ

১) অপ্রাকৃত জগৎ		. >
২) বিভিন্ন গ্রহলোক	<u> </u>	83

ভূমিকা

জীবসতা, বিশেষতঃ সভ্য মানব সমাজ সুখে শাশ্বত জীবন যাপন করার অভিলায করে। এটাই তার পক্ষে ধূব স্বাভাবিক। কেননা সূচনা থেকেই জীবসভা শাশ্বত ও আনন্দময়। তবে বর্তমান মায়াবদ্ধ অবস্থায় মানব সমাজ জন্ম-মৃত্যুময় সংসার চক্রের সঙ্গে সংগ্রাম করে চলেছে। এইজন্য সে সুখ লাভ করেনি, অমরত্ব লাভ করেনি। সম্প্রতি মানুষের অন্যান্য গ্রহলোকে যাত্রার ইচ্ছা হয়েছে। মানুষের এইরকম ইচ্ছাও খুব স্বাভাবিক। কেননা, স্বরূপতঃ জড়াকাশ বা চিদাকাশ-এর যে কোন অংশে তার যাওয়ার অধিকার রয়েছে। এইরকম গ্রহযাত্রা যেমন চিত্তাকর্ষক ডেমনই তা উৎসাহবাঞ্জক কেননা এই আকাশ নানাবিধ, বৈচিত্র্যপূর্ণ অসংখ্য গ্রহলোকে পরিপূর্ণ। আর এই গ্রহণ্ডলিতে সকল প্রকার জীবকুলের বসবাস। ভক্তিযোগ পছায় ঐ গ্রহদোক যাত্রার অভিলাষ পূর্ণ করা যায়। এই ভক্তিযোগ পদ্বাম ইচ্ছানুধায়ী যে কোন লোকে স্থানান্তরিত হওয়া ধায়—সম্ভবতঃ এমন গ্রহলোকে যেখানে জীবন কেবল শাখত, সনাতনই নয়, আনলময়ও। অথচ সেখানে নানাবিধ বৈচিত্র্যময় উপভোগ্য প্রকৃতিও আছে। অপ্রাকৃত, দিব্য চিশ্ময় লোকের স্বাধীনতা যে কেউ লাভ করলে তাকে জন্ম-মৃত্যু জরা ব্যাধিতে পূর্ণ এই দুঃখালয়ে আর ফিরে আসার প্রয়োজন হবে না।

ব্যক্তিগত প্রচেষ্টার মাধ্যমে খুব সহজেই এই সিদ্ধিন্তর লাভ করা যায়। ভক্তিযোগের নির্দিষ্ট পদ্ম স্বগৃহে কেবল অনুসরণ করতে হবে। উপযুক্ত পরিচালনায় এই পদ্ম অনুসরণ যেমন সরল তেমনই উপভোগ্য। সর্বোচ্চ এই ভক্তিযোগ পদ্ময় কিভাবে অন্যান্য গ্রহলোকে স্থানান্তরিত হওয়া যায়—সেই সম্পর্কে জনসাধারণ এবং বিশেষতঃ দার্শনিক ও ধর্মীর নেতাদের তথ্য প্রদান করতে এখানে এক প্রচেষ্টা করা হয়েছে।

অপ্রাকৃত জগৎ

জড় বিজ্ঞান অবশেষে একদিন সনাতন অপ্রাকৃত জগৎ (anti material world) আবিষ্কার করবে। এই জগৎ জড়বাদীদের কাছে দীর্ঘ কাল অজ্ঞাত ছিল। এই জগৎ সম্বন্ধে বিজ্ঞানীদের বর্তমান ধারণা টাইমস্ অফ্ ইণ্ডিয়ায় (২৭ অক্টোবর ১৯৫৯) নীচের খবরে প্রকাশিত হয়েছে।

উক্হোলম্ (২৬ অক্টোবর ১৯৫৯) ঃ অ্যান্টি প্রোটন্ আবিদ্ধারের জন্য আজ দুই মার্কিন বিজ্ঞানীকে পদার্থবিদ্যায় নোবল্ প্রাইজ দেওয়া হয়েছে। এই আান্টি প্রোটন্ (anti proton) প্রমাণ করছে যে বস্তুকণা জড় ও চেতন এই দুই আকারে বর্তমান। তারা হলেন ইটালী দেশীয় ৬৯ বছর বয়ড় ডঃ এমিলো সেগ্রে (Dr. Emillo Segre) আর সান্ফালিস্কোর ডঃ ওয়েন চেম্বায়লেন। নতুন মতবাদের মূল ধারণা অনুযায়ী অন্য এক প্রকৃতি, পরা প্রকৃতি রয়েছে য়া অপ্রাকৃত তত্ম দিয়ে তৈরি। আমাদের পরিচিত জগতের গতির পরস্পর বিপরীতমুখী হয়ে কক্ষপথে এওলি জমণ করছে। এই দুই প্রকৃতির বা জগতের সংঘর্ষ হলে উভয়ই এক মুহুর্তে ধ্বংসপ্রাপ্ত হবে। এই বিবরণে নীচের প্রজাবওলি উত্থাপন করা হয়েছে।

- জড় অণু বা কণার বিরুদ্ধধর্মী এক অপ্রাকৃত বা চিৎ কণ বা অণু আছে।
- ২) এই জড়া প্রকৃতি বা জগৎ ছাড়া আর এক প্রকৃতি বা জগৎ আছে, যার সম্বন্ধে আমাদের জ্ঞান খুবই সীমিত।
- ৩) এই জড়া প্রকৃতি (বা জগৎ) ও অপ্রাকৃত বা চিদ্ লগতের কোন এক সময় সংঘর্ষ হলে একটি অপরটিকে ধ্বংস করবে।

এই তিনটি প্রস্তাবনার প্রথম ও দ্বিতীয়টিকে ঈশ্বরবাদীরা সম্পূর্ণ স্বীকার করেন, তবে অপ্রাকৃত বস্তুর সীমিত বৈজ্ঞানিক সংজ্ঞার মধ্যেই তৃতীয় প্রস্তাবটি আমরা স্বীকার করি। বস্তুতঃ অসুবিধা হচ্ছে এই যে বিজ্ঞানীদের অপ্রাকৃত তত্ত্ববস্তু সম্বন্ধে ধারণা কেবল প্রাকৃত বস্তুর অন্য রকম বৈচিত্র্যতা পর্যন্ত সীমিত, অথচ যথার্থ অপ্রাকৃত বস্তু অবশাই পূর্ণরূপে অপ্রাকৃত বা চিং প্রকৃতি। স্বরূপতঃ জড় বস্তু বিনাশশীল। কিন্তু অপ্রাকৃত বস্তুকে সকল জড় বস্তুর লক্ষণমুক্ত হতে হলে অবশাই তা অবিনাশী হতে হবে, সনাতন হতে হবে। জড় বস্তু বিনাশী ও বিভাজ্য যদি হয় তবে অপ্রাকৃত বস্তু বা চিংকণ অবশাই অবিনাশী ও অবিভাজ্য হবে। প্রামাণিক শান্ত্রীয় দৃষ্টিকোণ থেকে আমরা এই প্রস্তুক্তি আলোচনার প্রয়াস করব।

বিশ্বের সর্ববাদিসন্মত শান্ত হচ্ছে বেদ। এই বেদ চার ভাগে বিভক্ত—ঋল্, সাম, যজু ও অথর্ব। সাধারণ লোকের পক্ষে বেদের বিষয়বন্ধ উপলব্ধি করা কঠিন। বিশ্বেষণের উদ্দেশ্যে মহাভারত নামে ঐতিহাসিক মহাকাব্য ও আঠারটি পুরাণে চারটি বেদ ব্যাখ্যা করা হয়েছে। রামায়ণও ঐতিহাসিক কাব্য যাতে বেদ থেকে সকল প্রয়োজনীয় তথ্যই রয়েছে। এই জন্য চার বেদ, বাদ্মীকি রচিত মূল রামায়ণ, মহাভারত ও পুরাণগুলি হল বৈদিক শান্তগ্রহেরই শ্রেণীবিভাগ। উপনিবদগুলি হছে চারটি বেদের অংশ আর বেদান্তসূত্র হচ্ছে বেদের সারমর্ম। সকল উপনিবদের সারমর্ম ও বেদান্তসূত্রর প্রাথমিক বিশ্লেষণার্র্যাণে (সকল বৈদিক শান্তের বিষয়বন্ত রূপে) ভগবদ্গীতাকে গ্রহণ করা হয়েছে। লীলা পুরুষোন্তম ভগবান শ্রীকৃষ্ণ প্রবতা হওয়ায় একমাত্র ভগবদ্গীতাকেই সমস্ত বেদের সারমর্ম রূপে সিদ্ধান্ত করা যায়। পরা প্রকৃতি বা অপ্রাকৃত জগৎ সন্বন্ধে সম্পূর্ণ তথ্য জানাতে তিনি অপ্রাকৃত চিদ্-জগত থেকে জড় জগতে অবতরণ করেন।

পরমেশ্বর ভগবানের উৎকৃষ্টা বা পরাশক্তিকে ভগবদ্গীতায় পরা প্রকৃতি আখ্যা দেওয়া হয়েছে। সম্প্রতি বিজ্ঞানীরা আবিষ্কার করেছেন যে বিনাশী জড় বস্তুর দুইটি রূপ আছে অথচ ভগবদ্গীতায় সবচেয়ে প্রকৃষ্টভাবে দুই রকম শক্তি বা প্রকৃতি রূপে জড় অচিং ও চিং শক্তি চিমার বস্তু সম্পর্কে বর্ণনা করা হয়েছে। জড় বস্তু দারা জড় জগৎ বা জড়া প্রকৃতি সৃষ্টি করা হয়েছে আর ঐ একই শক্তি উৎকৃষ্টরাপে, পরা প্রকৃতি রূপে অপ্রাকৃত বা চিদ্ জগৎ সৃষ্টি করেছে। জীবকুল এই পরা শক্তি বা প্রকৃতির অন্তর্গত। নিকৃষ্ট, জড়া প্রকৃতিকে অপরা প্রকৃতি বলা হয়। ভগবদ্গীতায় এইডাবে সৃজনীশক্তিকে অপরা ও পরা প্রকৃতি—এই দুই নামে উপস্থাপন করা হয়েছে।

জড় বন্ধর কোন স্জনীশতি নেই। জীবশতির সূষ্ঠ্ন পরিচালনায় জড় বন্ধর উৎপত্তি হয়। তাই স্থুল অবস্থায় জড়া প্রকৃতি পরমেশ্বরের অব্যক্ত শক্তি। যখনই আমরা শক্তির কথা ভাবি তথন আমরা স্বভাবতঃই শক্তির উৎস, শক্তিমানের কথা মনে চিন্তা করি। যেমন বৈদ্যুতিক শক্তির কথায়, যুগপৎ আমরা ঐ শক্তি উৎপাদনের স্থল (Power House)-র কথা মনে করি। শক্তি স্বয়ং সম্পূর্ণ নয়। শক্তি সব সময়ই উন্নত জীবসন্তার পরিচালনাধীন। যেমন—আগুন, জালোও তাপ নামে পুরক্তম শক্তির উৎস। আগুনকে বাদ দিলে আলোও তাপ-এর স্বতন্ত্র সন্তা নেই। তেমনই অপরা ও পরা শক্তিগুলি এক উৎস থেকে নেওয়া। যে নামেই তাকে অভিহিত করা হোক না কেন। ঐ শক্তির উৎস অবশ্যই সবকিছু সম্পর্কে অবগত এক চেতনসন্তা। পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণই হচ্ছেন সেই পরম চেতনসন্তা বা সর্বাকর্ষক পরমপুরুর।

বেদে পরমচেতনা বা পরম সত্যকে সকল শক্তির পরম উৎস, ভগবান বলা হয়েছে। সীমাবদ্ধ দুরকম শক্তির আবিষ্কার বর্তমান বিজ্ঞানের প্রগতির সূচনা মাত্র। এখন জড় ও চেডন এই দুই বস্তুকণার উৎসের অনুসন্ধানে বর্তমান বিজ্ঞানীদের আরো অপ্রসর হতে হবে।

অপ্রাকৃত বস্তুকণা, চিৎকণাকে কিভাবে বিশ্লেষণ করা যায়? অণু বা অচিৎ কণা সম্বন্ধে আমাদের জ্ঞান আছে কিন্তু অপ্রাকৃত অণু বা চিৎকণা সম্পর্কে আমাদের কোন অভিজ্ঞতা নেই। তবে ভগবদ্গীতায় অপ্রাকৃত বা চিৎকণের উজ্জ্বল বিবরণ প্রদান করা হয়েছে। এই অপ্রাকৃত কণা জড় দেহে রয়েছে। এই চিংকণের অবস্থিতির জন্য জড় দেহটি শৈশব, বাল্য, কৈশোর ও যৌবন থেকে ক্রমোরতির পথে বার্ধক্যে পরিবর্তিত হয়। এরপর ঐ চিংকণাটি পুরানো, অকর্মণ্য দেহটি পরিত্যাগ করে অন্য এক জড় শরীর গ্রহণ করে।

জীবদেহের এই তথ্য বৈজ্ঞানিক আবিষ্কারকে প্রতিপন্ন করে যে
শক্তি দুই লগে বিরাজমান। তাদের একটি চিৎ কণটি জড় দেহ থেকে
বিচিন্নে হলে সব ব্যাপারেই অপরটি অকর্মণ্য হয়ে পড়ে। এই জন্য
অপ্রাকৃত বা চিৎ কণটি নিঃসন্দেহে জড়াশক্তির চাইতে প্রেষ্ঠ। তাই
জড়া শক্তির হানিতে শোক করা উচিত নয়। শীত-উষ্ণ, সুথ-দুঃখাদি
এই ধরনের বিভিন্ন ই ক্রিয়ানুভৃতিগুলি ঠিক ঋতু পরিবর্তনের
গমনাগমনের মতো জড়াশক্তির ক্রিয়ানুভৃতিগুলি বিত্র জড় শরীর
রক্ষ জড়ীয় ক্রিয়া-প্রতিক্রিয়ার আবির্ভাব ও অন্তর্ধানে প্রতিপন্ন হয় যে
জীবশক্তি বা জীবগ্রকৃতির চেয়ে নিকৃষ্ট প্রকৃতির ক্রিয়াপ্রক্রিয়া জাত বলে তা যে
বিভিন্ন জড় গুরু, তা অবগত হয়ে যে বৃদ্ধিমান ব্যক্তি বিক্রুর হন না—
তিনিই অনন্ত, চিল্লয় ও আনন্দ পূর্ণ জীবন—অপ্রাকৃত, চিল্লগৎ পুনরায়
লাভ করতে সক্ষম হন।

এখানে অপ্রাকৃত জগতের উল্লেখ করা হয়েছে। এবং আরো বলা হয়েছে যে ঐ জগতে 'ঋতুর' অস্থিরতা নেই; সেখানে সবকিছুই শাশ্বত, আনন্দময় ও জ্ঞানময়। কিন্তু যখন আমরা এরকম একটি জগতের কথা বলি তখন আমাদের অবশাই মনে রাখতে হবে যে, সেই জগতের রূপ ও বিভিন্ন শ্রেণীর যে দ্রব্য সামগ্রী রয়েছে তা আমাদের অভিজ্ঞতার বাইরে।

জড় শরীর বিনাশী এবং এইজন্যই তা পরিবর্তনশীল ও অনিত্য। জড় জগৎও সেইরকম। তবে চেতন জীবশক্তি অবিনাশী আর তাই এটি নিতা। দক্ষ বিজ্ঞানী এইভাবে জড় ও চেতন বস্তুকণার যথাক্রমে অনিত্য ও নিত্য রূপে তাদের বিভিন্ন লক্ষণ, বৈশিষ্ট্যগুলির পার্থক্য নির্ধারণ করেছেন।

জড় বস্তুর দূই রূপের আবিদ্ধারকদের এখনও অপ্রাকৃত বস্তু চিৎ কণের গুণসমূহ আবিদ্ধার করতে হবে। ইতিমধ্যে ভগবদ্গীতায় নীচের লেখায় এর উজ্জ্ব বিবরণ দেওয়া হয়েছে। এই মূল্যবান তথ্যের ভিত্তিতে বিজ্ঞানীরা আরও গবেষণা করতে গারেন।

চিৎকণটি সৃন্দ্রতম অচিৎকণের চেয়েও সৃন্ধ। এই জীবশক্তি এতই প্রবস যে এটির প্রভাব সমগ্র জড় শরীরে পরিব্যাপ্ত। অচিৎ শক্তির তুলনায় চিৎশক্তির অফুরস্ত শক্তি রয়েছে আর তাই এটিকে বিনষ্ট করা যার না।

এই হল ভগবদ্গীতায় চিংকগের বর্ণনার সূচনা মাত্র। নীচে এ সম্পর্কে গীতায় আমও বিশ্লেষণ করা হয়েছে।

চিংকণ সৃক্ষতম রূপে স্থূল ও সৃক্ষ দেহে আবদ্ধ আছে। স্থূল ও সৃক্ষ উভয় দেহ বিনাশী হলেও সৃক্ষতন চিংকণ, অপ্লাকৃত কণা নিত্য, সনাতন। তাই এই নিত্য তত্ত্বে আগ্রহশীল হওয়া উচিত।

বখন জড় বিজ্ঞানীরা চিৎকণের গুণ-বৈশিষ্ট্যগুলি অবগত হয়ে তাকে অনিত্য অচিৎকণের সারিধ্য থেকে মৃক্ত করতে সক্ষম হবে, তখনই বিজ্ঞানের পূর্ণতা, সার্থকতা লাভ হবে। এই রকম মুক্তি বৈচ্ঞানিক প্রগতির পরাকাষ্ঠা সূচনা করবে।

বিজ্ঞানীরা যে আভাবে জানাচ্ছেন অপ্রাকৃত বা চিংকণায় তৈরি আর একটি প্রকৃতি বা জগৎ রয়েছে, আর জড়া প্রকৃতি বা জড় জগতের সঙ্গে ঐ জগতের সংঘাত হলে উভয়ই ধ্বংস প্রাপ্ত হবে—এই কথা আংশিক সজ্ঞ। সংঘাত আছে নিরন্তর—প্রতি মৃহুর্তে জড় বস্তুকণা বিনষ্ট হচ্ছে, আর অপ্রাকৃত বস্তুকণা মৃক্ত হওয়ার প্রয়াস করছে। এই বিষয়টি ভগবদ্গীতায় নীচে এইভাবে বিশ্লেষণ করা হয়েছে—চিংকণ জীবাত্মা, অপ্রাকৃত বস্তুকণা প্রাকৃত বস্তুকণাকে সক্রিয় করতে প্রভাবিত করে; জীবাদা সর্বদাই অবিনাশী। যতক্ষণ অপ্রাকৃত বস্তুকণা স্থুল এবং সৃক্ষ্ জড় পিণ্ডে রয়েছে, ততক্ষণ তা এক চিংকণায় প্রকাশিত। এই দুই বস্তুকণার নিরন্তর সংঘাতে অপ্রাকৃত বস্তুকণার কখনও নাশ হয় না। অতীত, বর্তমান বা ভবিষ্যতে কখনও কেউ অপ্রাকৃত বস্তুকণা ধ্বংস করতে পারে না।

এই জন্য বিজ্ঞানীদের অপ্রাকৃত বস্তুকণার শুধু সীমিত সংজ্ঞার পরিপ্রেক্ষিতে প্রাকৃত ও অপ্রাকৃত জগতের সংঘর্ষে উভয় জগতই ধবংসপ্রাপ্ত হওয়ার অনুমান সঠিক বলে আমরা মনে করি। ভূগবদ্গীতার বিশ্লেষণ করা হয়েছে, অপ্রাকৃত বস্তুকণার ধর্ম ও বৈশিষ্ট্য হল তা কথনও বিনাশ প্রাপ্ত হয় না।

সৃদ্ধ ও অপরিমের অগ্রাকৃত বস্তুকণা সব সমরই অবিনাশী, শাশ্বত এবং সনাতন। তবে কিছুকাল পরে এর জড় বস্তুর আচ্ছাদন বিনষ্ট হয়। প্রাকৃত ও অপ্রাকৃত জগতের ক্ষেত্রেও এই একই নীতি কাজ করে। অপ্রাকৃত জগতের ধ্বংসের খ্যাপারে ভয়েন কিছু নেই, কেননা প্রাকৃত জগৎ ধ্বংস ছলেও ঐ অপ্রাকৃত জগৎ বর্তমান থাকে।

কোন এক অবস্থায় সৃষ্টির সববিদ্ধুই বিনাশ প্রাপ্ত হয়। জড় দেহ ও জড় জগত সৃষ্টি হয়েছে আর তাই এদের ধ্বংসও হবে। অপ্রাকৃত চিংজগৎ নিত্য বিরাজ্ঞান। এই জগতের সৃষ্টি ও বিনাশের নির্দিষ্ট সময় নেই; এর বার বার সৃষ্টিও নেই, বিনাশও নেই। এই জগৎ নিত্য শাখত আর এইজন্য তা চির পুরাতন তবু এই জগৎ নিত্য, নতুন ও প্রাণবন্ধ, জড় বস্তুকণার বিনাশ হলেও, অপ্রাকৃত বস্তুকণা অপরিবর্তিত থাকে।

এই অপ্রাকৃত, চিচ্ছগত ও অপ্রাকৃত বস্তুকণা, চিৎকণের ক্ষেত্রেও প্রযোজ্য। জড় জগতের বিনাশ হলেও অপ্রাকৃত, চিচ্জগত সকল পরিস্থিতিতে বিরাজমান থাকে। পরে এই সম্বন্ধে আরও বিশদ ব্যাখ্যা করা হবে। ভগবদ্গীতা থেকে নীচের শিক্ষা, বিজ্ঞানীরা গ্রহণ করতে পারেন— অপ্রাকৃত বস্তু কণা যে অবিনাশী যারা জানেন সেই জ্ঞানীরা অবগত যে তার কখনও কোন উপারেই বিনাশ হয় না।

আণবিক বিজ্ঞানীরা পরমাণু বোমার দ্বারা জড় জগতকে ধ্বংসের কথা বিবেচনা করতে পারেন; কিন্তু ডাদের কোন অস্ত্রই অপ্রাকৃত, চিন্ময় জগতকে ধ্বংস করতে পারে না। অপ্রাকৃত বন্তুকণা আরও স্পষ্টভাবে ব্যাখ্যা করা হয়েছে নীচের লাইনে—

অন্ত হারা একে খণ্ড খণ্ড করা যায় না, আণ্ডনেও পোড়ানো যায় না; জলে ভেজানো যায় না, বায়ুতে শুকানো যায় না; এটা অবিভাজা, অদাহা, অক্লেদ্য ও অশোষ্য। এটি নিতা, সর্বগত; স্বরূপতঃ অপরিবর্তনীয় হওয়ায় এর বৈশিষ্ট্য সর্বদাই নিশ্চল। সকল জড় গুণ বিলক্ষণ হওয়ায়, এটি অব্যক্ত; অচিন্তা ও অবিকারী। এই অপ্রাকৃত চিংতত্ত নিতা হওয়ায় এ বিষয়ে কারো কখনও শোক করা উচিত নয়।

ভগবদ্গীতা ও অন্যান্য সকল বৈদিক শান্তে এইভাবে উৎকৃষ্ট প্রকৃতি (অপ্রাকৃত শক্তি) চিংশক্তিকে প্রাণ, জীব শক্তি বলে প্রহণ করা হয়েছে। জড় উপাদানের সংমিশ্রণে এই জীবান্মাকে সৃষ্টি করা যায় না। ৮টি জড় উপাদানকে নিকৃষ্ট শক্তি বলা হয়েছে এওলি হছে ১) মাটি, ২) জল, ৩) আগুন, ৪) বায়ু, ৫) আকাশ, ৬) যন, ৭) বুদ্ধি ও ৮) অহংকার। এছাড়া জীবশক্তি বা অপ্রাকৃত তত্ত্ব আছে একে পরা প্রকৃতি বা চিংশক্তি বলা হয়েছে। কেন না, পরম চৈতন্য স্বরূপ, পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণ তাদের নিয়ামক, তাদের অধ্যক্ষ।

দীর্ঘবাল পর্যন্ত আটটি ভৌতিক উপাদানের সীমার মধ্যে জড়বাদীরা সীমাবদ্ধ। এখন জড়বাদীরা যে অপ্রাকৃত তত্ত্ব বা চিদ্জগতের সামান্য প্রাথমিক তথা লাভ করেছে, এটি খুব উৎসাহজনক। আমরা আশা করি যে কালের অপ্রগতির সঙ্গে সঙ্গে জড়াতীত অপ্রাকৃত জগতের মূল্যায়ন জড়বাদীরা করতে সক্ষম হবেন। তবে অপ্রাকৃত শব্দটি সকল জড় গুণাবলীর বিরোধী তত্ত্ব।

অবশ্য অপ্রাকৃত তত্ত্ব সম্বন্ধে যারা অভিমত প্রকাশ করেন, এই রকম মনোধর্মীরাও রয়েছেন। তারা দু'শ্রেণীতে বিভক্ত আর তারা দু'রকম বিভিন্ন ভ্রমাত্মক সিদ্ধান্ত করে বসেন। জড়বাদীরা হয় অপ্রাকৃত তত্ত্ব উপাদানকে অস্থীকার করেন অথবা এক বিশেষ পরিস্থিতিতে জড় উপাদানের খণ্ড খণ্ড হয়ে বিনষ্ট হওয়ার কথা স্বীকার করেন। অন্য দল ২৪টি তত্ব সহ জড় উপাদান প্রত্যক্ষভাবে বিয়োধীরাপে অপ্রাকৃত তত্তকে গ্রহণ করেন। এই দলকে সাংখ্যকার বলে। তারা জড় উপাদানের তথ্যানুসন্ধান করে, তাদের সৃক্ষ্ভাবে বিশ্লেষণ করেন। তথ্য অনুসন্ধানের পর সাংখ্যকাররা অন্তিয়ে শুধু এক জড়াতীত নিষ্ক্রির তত্ত্ব প্রহণ করে। তবে এই সব শুদ্ধ তার্কিকদের ক্ষেত্রে অসুবিধাশুলি হল যে তার। নিকৃষ্ট শক্তি দ্বারা শুষ্কতর্ক করে। তারা উচ্চতর অধিকারী, আচার্যদের প্রদন্ত তথ্য সংগ্রহ করে না। অপ্রাকৃত তত্ত্বের স্বরূপ হৃদয়ঙ্গমের উদ্দেশ্যে উৎকৃষ্ট শক্তি, ভক্তিযোগের চরম স্তরে উর্নীত হওয়ার প্রয়োজন। ভক্তিযোগই সেই উৎকৃষ্ট বা পরা প্রকৃতির বিশেষ ক্রিয়াকলাপ, জাগতিক স্তর থেকে কেউ অপ্রাকৃত চিক্ষগতের প্রকৃত অবস্থা নির্ধারণ করতে গারে না। কিন্তু জড় ও চেতন উভয় শক্তিরই নিয়ন্তা, পরমেশ্বর ভগবান তার অহৈতুক কুপায় জগতে অবতরণ করে অপ্রাকৃত চিচ্ছগতের সম্পূর্ণ বিবরণ প্রদান করেন। এইভাবে আমরা চিজ্ঞগত সম্বন্ধে জ্ঞানতে পারি। গুণগতভাবে পরমেশ্বর ও জীব উভয়েই অপ্রাকৃত তম্ব। এইভাবে জীব সম্বন্ধে সুবিত্ত শিক্ষানুশীলনের মাধ্যমে আমরা পরমেশ্বর সন্বন্ধে ধারণা করতে পারি। জীবমাত্রই এক খতন্ত্র ব্যক্তিসতা। তাই পরম চেতনসতা নিশ্চর পরমপুরুষ হবেন। বৈদিক সাহিত্যে পরমপুরুষকে 'কৃষ্ণ' নামে অভিহিত করা হয়েছে। 'ক্ষা' নামটিই হল পরমেশ্বর ডগবানকে প্রকৃতভাবে বুঝবার জন্য যথার্থ নাম। তিনি জড় ও চেতন উভয় জগড়ের নিয়ন্তা। 'কৃঞ' কথাটির তাৎপর্য হচ্ছে তিনি পরম নিয়স্তা। ভগবদ্গীতায় ভগবান এই তত্ত্ব প্রতিপন্ন করেছেন।

দুটি প্রকৃতি আছে—জড়া প্রকৃতি ও পরা প্রকৃতি, বা প্রাকৃত জগৎ ও অপ্রাকৃত জগুৎ। আটটি জড় উপাদানের নিকৃষ্ট প্রকৃতি দ্বারা জড় জগতের সৃষ্টি। অপ্রাকৃত জগৎ উৎকৃষ্ট পরা প্রকৃতি জাত।

জড়া প্রকৃতি ও পরা প্রকৃতি উভয়ের উৎস পরমব্রহ্ম, পরমেশ্বর ভগবান, তাই আমিই (শ্রীকৃষ্ণ) সমগ্র সৃষ্টি ও প্রলয়ের অতিম কারণ। কৃষ্ণের (অপরা ও পরা) দুইটি প্রকৃতি জড় জগৎ ও অপ্রাকৃত জগৎকে প্রকট করে বলে তাঁকে পরম সভা বলা হয়। ভগবদ্গীতায় ভগবান কৃষ্ণ এইভাবে তা বিশ্লোষণ করেছেন—

প্রিয় অর্জুন, আমিই পর-তন্ধ, আমা অপেক্ষা শ্রেষ্ঠ কিছুই নেই। মণিসমূহ যেমন মালার সূত্রের আশ্রিত, সবকিছুই তেমনভাবে আমার প্রকৃতিতে আশ্রিত।

অপ্রাকৃত ভাগৎ আবিষ্ণারের অনেক আগে, এই বিষয় ভাগবদ্গীতার পাতায় লিপিবদ্ধ ছিল। গীতা থেকে জানা যায় যে এই তত্বজ্ঞান পূর্বে সূর্যদেবকে প্রদান করা হয়েছিল। এর অর্থ হচ্ছে অন্ততঃ কুফক্ষেত্রের যুদ্ধের ১২ কোটি বছর পূর্বে ভাগবান শ্রীকৃঞ্চ গীতাতত্ব ব্যাখ্যা করেছিলেন। গীতায় প্রাপ্ত জ্ঞানের সামান্য অংশমাত্র আধুনিক বিজ্ঞান আবিষ্কার করেছে।

অপ্রাকৃত জগতের কথা ভগবদ্গীতায়ও দেখা যায়। সেইসব প্রাপ্ত তথ্যের ভিত্তিতে নিঃসন্দেহে বলা যায় যে সেই চিৎ-জগংটি চিদাকাশে বিরাজমান ভগবদ্গীতায় যাকে সনাতন ধাম বা নিত্য জগৎরূপে উল্লেখ করা হয়েছে।

জড় উপাদান দারা যেমন জড় জগতের সৃষ্টি হয়েছে, ঠিক সেই রকম চিন্ময় উপাদান দারা অপ্রাকৃত জগৎ ও তার বস্তুসকল সৃষ্টি হয়েছে। সেখানে চিন্ময় জীবের বাদ। অপ্রাকৃত, চিদ্জগতে কোন জড় বস্তু নেই। সেখানে সব কিছুই চিন্ময়। সেখানে পরম পুরুষ হচ্ছেন ভগবান স্বয়ং। চিজ্জগতের দিবা জীবেরা নিতা, চিন্ময় ও আনন্দময়। পক্ষান্তরে বলা যায়, তাঁরা সকলেই সমস্ত ভগবদ্ গুণাবলীতে বিভূষিক

জড় জগতের সর্বোচ্চ লোককে ব্রহ্মলোক বা সত্যলোক বলে
সর্বপ্রেষ্ঠ গুণসম্পন্ন হওয়ায় গ্রারা এই ব্রন্ধালোকবাসী জড় জগতের
প্রথম সৃষ্ট জীব ব্রন্ধা হচ্ছেন ব্রন্ধালোকের অধিপত্তি আমাদের মতে।
তিনিও একজন জীব, তবে জড় জগতে তিনি হচ্ছেন সবচেরে
যোগ্যতাসম্পন্ন ব্যক্তি। কিন্তু তিনি ভগবানের সমপর্যামভুক্ত নন,
তিনিও ভগবানের কর্তৃত্বাধীন জীবসমূহের সম্প্রেমিভুক্ত। ভগবান ও
জীবকুল উভয়েই অপ্রাকৃত জগতের অপ্রর্গত। তাই বিজ্ঞানীরা অপ্রাকৃত
জগতের গবেষণা করে বিশেষ জনগণের সেবা করতে পারে—কিভাবে
এই জগৎ পরিচালিত হয়, কিভাবে তারা আকার প্রাপ্ত হয়, কারা এখানে
অধিপতি ইত্যাদি বিষয়ে তারা গবেষণা করতে পারেন বৈদিক শাস্ত্র
শ্রীমন্ত্রাগবতে এই বিষয়সমূহ বিশ্বসভাবে আলোচিত হয়েছে
ভগবদ্গীতা শ্রীয়ন্ত্রাগবতের প্রাথমিক শিক্ষানুশীকন বিজ্ঞান জগতের
সকল ব্যক্তিরই এই দুইটি গুরুত্বপূর্ণ গ্রন্থ সম্পূর্ণরূপে অনুশীকন করা
উচিত। এই দুইটি গ্রন্থে বৈজ্ঞানিক প্রগতির বহু সূত্র দেওয়া আছে,
এ থেকে বহু নতুন আবিষ্কারের সন্ধান পাওয়া যাবে

পরমার্থবাদী ও জাড় বাদীরা দুই বিশিষ্ট শ্রেণীর লোক।
পরমার্থবাদীরা বেদের মতো প্রামাণিক শান্ত থেকে জ্ঞান লাভ করেন।
বৈদিক শান্ত দিব্য গুরু-শিষ্য পরস্পরা ধারায় প্রামাণিক সৃত্ত থেকে
প্রাপ্ত। এই গুরু শিষ্য পরস্পরা সম্পর্কেও ভগবদ্গীতায় উল্লেখ আছে।
ভগবদ্গীতায় কৃষ্ণ বলেছেল যে তিনি এই গীতাতত্ত্ব শত সহস্র বছর
আগে সূর্যদেবকে শিক্ষা দিয়েছেন। সূর্যদেব তার পুত্র বর্তমান মানব
জাতির জ্ঞানক মনুকে তা শিক্ষা দেন মনু পরবর্তীকালে এই দিবাজ্ঞান
তাঁর পুত্র রাজা ইক্ষাকুকে দান করেন ভগবান শ্রীবামচন্দ্র যে বংশে
আবিভূত হয়েছিলেন, ইক্ষাকু ছিলেন তাঁব পূর্বপুরুষ, ভগবান শ্রীকৃষ্ণের

আবির্ভাবের সময় (৫০০০ বছর পূর্বে) এই সুদীর্ঘ গুরুশিষ্য পরম্পরা প্রবাহ বিচ্ছিন্ন হয়. তাই ভগবান কৃষ্ণ এই যুগে প্রথম শিষ্যরাপে অর্জুনকে পুনরায় গীতার জ্ঞান প্রদান করেন। এইজন্য এই যুগের প্রমার্থবাদীবা অর্জুন থেকে প্রবাহিত পরম্পরার অন্তর্গত জ্ঞাগতিক গবেষণাকার্যের অনর্থমুক্ত হয়ে প্রমার্থবাদীরা প্রাকৃত ও অপ্রাকৃত তত্ত্বাধান (এই গুরু-শিষ্য প্রস্পরা ধারায়) লাভ করে, নিজেকে উর্বেগমুক্ত করতে পারেন

যাই হোক, ঘোর জড়বাদীরা পরমেশ্বর ভগবানের অপ্রাকৃত চিন্মার ধানে, বিশ্বাস করে না কথন কথন তার। অতীব গুণসম্পন্ন, উচ্চদিজিত, প্রগতিশীল হওয়া সর্বেও তারা দুর্ভাগা, নরাধম জড় মায়ার বিমোহিত হয়ে, অপ্রাকৃত তত্ত্বজ্ঞান বিহীন। তাই, জড় বিজ্ঞানীরা ক্রমাণ অপ্রাকৃত লোকগলয়ের দিকে যে অপ্রসর হছে তা একটি শুভ লক্ষণ এমনকি যেখানে প্রমেশ্বর ভগবান সেই লোকের অধিপতিরূপে বাস করেন জীবকুলও সেখানে বাস করে তার সেবা করে সেই অপ্রাকৃৎ, চিল্কগতের বিশ্বন বিবরণ জানাতে তারা হয়তো যথেষ্ট অপ্রসর হত্তে পারেন জীবেরা হছে ভগবানের সেবক ও তার থেকে গুণগতভাবে অভিন্ন। কিন্তু একই সঙ্গে তারা ভগবদধীন অপ্রাকৃত, চিল্কগতে অধিপতি ও অধন্তনের মধ্যে কোন পার্থকা নেই—পূর্ণতা ও জাড়তাশুনাই হল সম্বন্ধ

জড় জগৎ বিনাশশীল। পদার্থ বিজ্ঞানীদের ধারণা, জড় ও চেতন জগতের ঘটনাক্রমে সংঘাত হলে, প্রলয় হয়—ভগবদ্গীতার শিক্ষা অনুযায়ী তা আংশিক সত্য। জড় জগৎ হল পরিবর্তনশীল জড় শুণের এক সৃষ্টি এই গুণগুলি সন্থ, রজঃ ও তমঃ নামে অভিহিত রজ্যেগুণের দ্বারা এই জড়জগতের সৃষ্টি, সন্থগুণের দ্বারা পালন ও তমোগুণের দ্বারা ধ্বংসকার্য সাধিত হয়। জড় জগতে এই গুণত্রয় সর্বত্র বিরাজমান। তাই বিধের সর্বত্র প্রতি ঘণ্টা, মিনিট ও সেকেণ্ডে

সৃষ্টি, পালন ও বিনাশের কাজ চলেছে এখানকার সর্বোচ্চ ব্রহ্মলোকও এই গুণগুলির প্রভাবাধীন, যদিও সত্ব গুণাধীন এই লোকের অধিবাসীদের আয়ুদ্ধলে ৪,৩০০,০০০×১,০০০×২×৩০×১২×১০০ সৌর বছর যাই হোক, এত দীর্ঘ জীবন হলেও ব্রহ্মলোকেও প্রদায় হয় ভলোকের তলনায় ব্রহ্মলোবে জীবন কল্পনাতীত দীর্ঘ হলেও অপ্রাকৃত চিচ্ছগতের অনন্ত জীবনের তুলনায় তা এক নিমিষমাত্র ভগবদগীতার প্রবক্তা ভগবান জীকৃষ্ণ তাঁর ধাম, অপ্রাকৃত চিম্ময় জগতের শুরুত্ব দুঢ়তার সঙ্গে বলেছেন ভগবান শ্রীকৃষ্ণ বলেছেন যে, ৪,৩০০,০০০×১,০০০×২×৩০×১২×১০০ সৌর বছরে বিশ্বের সব লোকেই প্রলয় হয়। জড় জগতে প্রলয়ের সঙ্গে সঙ্গে এই লোকের সমগ্র জীবকুলও বিনাশ প্রাপ্ত হয় তবে জীবমাত্রই স্বরূপত চিৎকণ, অপ্রাকৃত বন্ধ। কিন্তু অপ্রাকৃত কার্যকলাপ অনুশীলন করার মাধ্যমে জীব নিজেবে অপ্রাকৃত, চিজ্জগতে উনীত না করলে, জড় জগতের প্রলয়ের সঙ্গে সঙ্গে তার ভৌতিক অন্তিত্ব বিনষ্ট হয় এবং জীব এক নতুন বিশ্বে এক জড় আকৃতিতে পুনর্জন্মের অধীন হয় পক্ষান্তরে বল। যায়, জীব তখন জন্মমৃত্যুময় সংসার তাপ ডোগ করে। একমাত্র বারা ভগবানের প্রেমময়ী সেবায় যুক্ত তারাই কেবল এই জগতে জড় দেহ ত্যাগের পর নিঃসন্দেহে অপ্রাকৃত জগতে স্থানাগুরিত হয় অপ্রাকত কর্মের অনুশীসনের মাধ্যমে তারা ভগবদ্ধামে ফিরে গিয়ে আয়তত্ত্ব লাভ করে

এই অপ্রাকৃত বা চিদ্কর্ম কিং এগুলি হল ভবৌষধি যেমন, কেউ অসুস্থ বোধ করলে, চিকিৎসকের শরণাপর হয়, চিকিৎসক তাকে উষধের নির্দেশ দেয়, যাতে দুর্দশাগ্রন্থ রোগী সেই অবস্থা থেকে আরোগ্য লাভ করে। তেমনই জীব হল ভবরোগী আর সেইজন্য তার পারমার্থিক সদ্ বৈদ্যের শরণাপর হওয়া প্রয়োজন তাব রোগ কিং সে জন্ম-মৃত্যু, জবা ব্যাধিময় সংসার দুঃখ ভোগ করছে। ভগবদ্ দর্শন' রূপ আরোগ্য পদ্ম গ্রহণের মাধ্যমে সে জন্ম-মৃত্যুবিহীন নিত্য জীবন অপ্রাকৃত জগতে ফিরে যেতে পারে।

জড় জগতের প্রলয় হয় দুই ভাবে। ৪,৩০০ ০০০×১০০০ সৌর বংসরান্তে বা ব্রহ্মার এক দিনের অবসানে, সর্বোচ্চ ব্রহ্মলোকের আংশিক প্রলয় হয় সেই আংশিক প্রলয়ের সময় সর্বোচ্চ ব্রহ্মলোকে প্রদায় হয় না, কিন্তু ৪,৩০০,০০০×১,০০০×২×৩০×১২×১০০ সৌর বছরের পর সমগ্র জড় প্রকাশ অপ্রাকৃত দিব্য দেহে বিলুপ্ত হয় যেখান থেকে জড় প্রকাশের উদ্ভব হয়েছিল। প্রকট ও প্রলয়ের পর বিলুপ্তি ঘটে জড় আকাশ থেকে বহ বহ দূরে অপ্রাকৃত জগতের কখনও প্রদায় হয় না অপ্রাকৃত জগতে জড় জগৎ বিলুপ্ত হয় বিজ্ঞানীদের ধারণা প্রাকৃত ও অপ্রাকৃত জগতের হয়তো এক সংঘাত হতে পারে ও জড় জগতের বিনাশ হতে পারে। কিন্তু অপ্রাকৃত জগত কখনই বিনষ্ট হবে না শাশ্বত, নিত্য অপ্রাকৃত জগৎ জড় বিজ্ঞানীদের কাছে প্রকাশিত নয়, অদৃশ্য জড় গুণের ঠিক বিপরীত হওয়ায় জড় বিজ্ঞানীরা কেবল এই জগতের তথ্য পেতে পারে। কেবল মুক্তারা আচার্যদের কাছ থেকেই অপ্রাকৃত জগতের পূর্ণ তথ্য জানা যায়, যীরা অপ্রাকৃত তত্ত্ব পূর্ণরূপে উপলব্ধি করেছেন। ভগবানের শরণাগত বিনশ্র ডক্ত শ্রৌত পদ্বায় এই জ্ঞান লাভ করেন

এইভাবে সৃষ্টির প্রথম জীব ব্রন্ধার হাগয়ে বৈদিক জান প্রকাশ করা হয়। ব্রক্ষাজীই এই জান নারদমূনিকে প্রদান করেন, সেইরক্ম পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণ সূর্যদেব বিবস্থানকে ভগবদ্গীতা তত্ত্ব শিক্ষা দান করেন। আর এই শ্রোত পথায় শিষ্য পরস্পরাক্রম তথ্য হলে ভগবান শ্রীকৃষ্ণ কুরুক্ষেত্রের রণাঙ্গনে অর্জুনকে এই শিক্ষা পুনরায় দান করেন। তথন শ্রীকৃষ্ণের কাছে দিবাজান লাভের জন্য অর্জুন কৃষ্ণের শিষ্যেব ভূমিকা গ্রহণ করেন বিশ্বের ঘার বিষয়ী জড়বাদীদের সকল সংশ্বয় দুরীভূত কববার উদ্দেশ্যে অর্জুন সকল প্রাসঙ্গিক প্রথা জিজ্ঞাসা করেন এবং শ্রীকৃষ্ণ তার উত্তর দেন যাতে একজন অবিবেকীও তা বুঝতে পারে। জড় জগতের চাকচিকো বিমোহিত ব্যক্তিরাই একমাত্র ডগবাম শ্রীকৃষ্ণের ভগবতা স্বীকার করে না, অপ্রাকৃত, চিজ্জগৎ বিশদভাবে উপলব্ভির পূর্বে সম্পূর্ণভাবে সদাচারী ও অমল হৃদয় হওয়া চাই ভাজিযোগ হচ্ছে বিজ্ঞানসম্মত দিব্যকর্ম যা নবীন ও সিদ্ধ যোগী উভয়ই অনুশীলন করতে পারেন,

জড় জাগৎ হচেছ চিজ্জগতের এক প্রতিবিশ্বস্থরূপ নির্মল হাদয়, সদাচারী, বিবেকী ব্যক্তি অপ্রাকৃত জগতের বিজ্ত তথ্য, সংক্রেপে ভগবদ্গীতার শিক্ষা থেকে গ্রহণ করতে পারেন এবং প্রকৃতপক্ষে সেখানে জড় জাগতিক বিষয় থেকেও চিৎতত্ব, অপ্রাকৃত জ্ঞান আরো বিশদভাবে বর্ণনা করা হ্যেছে মৃশ তথ্য নীচে দেওয়া হল

অপ্রাকৃত চিন্মা জগতের আরাধ্যদেব হচ্ছেন শ্রীকৃষ্ণ, যিনি আদিপুরুষ ও তাঁর পূর্ণ কলারূপে বিরাজ করেন এই পুরুষ ও তাঁর পূর্ণ কলারূম্যকে দিব্য কার্যকালাপে যুক্ত ভক্তিযোগ বা প্রেমময়ী ভগবন্সেবা ধারা জানা যায়। প্রমেশ্বর ভগবান হচ্ছেন পরমতক্ত এবং তিনিই সমগ্র অপ্রাকৃত, চিং-ভত্ব। প্রাকৃত তত্ম ও অপ্রাকৃত তত্ম (জড় ও চেতন তত্ম) এই পুরুষ থেকেই উদ্ভূত, সম্পূর্ণ কৃষ্ণের তিনিই মূল কৃষ্ণের মূলে জল সিক্ষন করলে শাখা, প্রসম্মূহ স্বতঃই পৃষ্টি লাভ করে একইভাবে পরম পুরুষ ভগবান শ্রীকৃষ্ণের উপাসনা করা হলে জড় জগতের সকল অংশই উজ্জীবিত হয় এবং জাগতিকভাবে কর্ম সম্পাদন বাতীতই ভজাহনদ্য পরিপৃষ্ট হয় এটিই হল ভগবদ্গীতার রহস্য।

অপ্রাকৃত জগতে প্রবেশের পদ্মা ভৌতিক পদ্মা থেকে ভিন্ন। জড় জগতে বসবাসকালীন অপ্রাকৃত কার্যাবলী অনুশীলনের মাধ্যমে অপ্রাকৃত লোকে খুব সহজেই যে কোন জীব প্রবেশ করতে পারে। কিন্তু যারা বস্তুতঃ যোর জড়বালী, পরীক্ষা নিরীক্ষামূলক সীমিত চিন্তাশক্তিব, মনোধর্মী শুষ্ণতর্ক ও জড বিজ্ঞানের উপর নির্ভরশীল তাদের পক্ষে
অপ্রাকৃত দিব্য লোকে প্রবেশ করা ধুবই কঠিন মহাশুনে উৎক্ষিপ্ত
স্পূট্নিক, কৃত্রিম উপপ্রহ ও রকেট আদিব সাহায্যে অপ্রাকৃত লোক
দিবাধামে প্রবেশ করতে ঘোর জড়বাদীরা চেটা করতে পারে কিন্ত
ঐরকম উপায়ে এমনকি জড় জগতের সর্বেচ্চ লোকেও পৌছানো
সত্ত্বর নয় এবং জড় জগত থেকে বহু বহু দূরে অবস্থিত অপ্রাকৃত,
চিজ্জগতের আর কি কথাং অপৌকিক যোগ শক্তির অধিকারী
যোগীদের পক্ষেও সেই দিব্য ধামে প্রবেশ করা অত্যন্ত কঠিন।
সিদ্ধযোগী যৌগিক শক্তির অনুশীলন য়ারা এক বিশেষ উপযুক্ত মুহুর্তে
স্পেধ্যায় দেহত্যাগ করে প্রাকৃত জগৎ ও অপ্রাকৃত দিব্য ধামের
সংযোগকারী বিশেষ পথের মধ্য দিয়ে অপ্রাকৃত দিব্য ধামের
সংযোগকারী বিশেষ পথের মধ্য দিয়ে অপ্রাকৃত দিব্য ধামের
করতে পারে সত্তব হলে ভগবদ্গীতায় প্রদন্ত নির্দিষ্ট পদ্ম অনুযায়ী
তারা তা করেন।

সূর্য বখন উত্তর কক্ষপথে প্রমণ করে অর্থাৎ উত্তরায়ণের সময় অথবা শুভক্ষণ যখন অগ্নিদেব ও জ্যোতি আবহাওয়া নিয়ন্ত্রণ করেন সিদ্ধযোগী জড় দেহ ত্যাগ করে অপ্রাকৃত দিব্য লোকে উপনীত হতে পারেন

প্রস্থান্তের শাসনকার্য পরিচালনার জান্য বিভিন্ন দেবতা বয়েছে বিশ্বের প্রশাসনের জাটিলতা হৃদয়দ্বন করতে অক্ষম মূর্যলোকেরা অগ্নি, জ্বল, বিদ্যুৎ, দিন, রাড আদি দেবতাদের ব্যক্তিগত পরিচালনার ধারণা হাস্যকর বলে মনে করে। কিন্তু সিদ্ধ যোগীরা জানেন কিভাবে এইসব জাগতিক কার্যের অদৃশ্য পরিচালকদেব তৃষ্ট করা যায়, তাদেব সদিছার স্বাোগ নিয়ে স্বেচ্ছায় অপ্রাকৃত দিব্য জগতে বা জড় আকাশের সর্বোচ্চলোকে প্রবেশের ব্যবস্থা মতো সবচেয়ে সময়োপযোগী মুহুর্তে এই সকল যোগীরা তাদের জড় দেহ ত্যাগ কবেন জড় জগতের স্বেবিচ্চ লোকে শত সহস্র বছর ধরে যোগীরা আরো আরামদায়ক ও

সুখপ্রদ জীবন উপভোগ করেন, তবে জীবন সেখানে নিত্য শাশ্বত নয় পৃথিবী বা ভূলোকে বসবাসকারীদের জড় দৃষ্টির আড়ালে জাগতিক কার্যের পরিচালক দেবতাদের সৃষ্ট এক সময়োপ্যোগী মৃহূর্তে যৌগিক শক্তির মাধ্যমে শাশ্বত, অনন্ত জীবনকামীরা অপ্রাকৃত চিন্ময় জগতে প্রবেশ করে।

যারা যোগী নয় অথচ যজ্ঞ, দান, তপশ্চর্যাদি পুণ্যকর্ম প্রভাবে এক সমরোচিত মুহুর্তে মারা যাম, তারা উচ্চতর লোক প্রাপ্ত হয় কিন্তু তারা এই ভূলোকে আবার ফিরে আসেন: সূর্য যখন তার কক্ষপথের দক্ষিণ মার্গে বা ধূম মানের অর্ধেক সময় অন্ধকারাজ্য় থাকে তখন তারা গমন করে

সার কথা হল অপ্রাকৃত চিম্ম লোকে প্রবেশের বাসনাকারীকে ভগবন্গীতার অপ্রাকৃত কর্ম বা ভগবন্ সেবার পথ প্রহণের কথা বলা হয়েছে। উত্তম ভতিযোগীলের নির্দেশ মতো যার। ভগবন্ সেবার পথ প্রহণ করেন অপ্রাকৃত চিম্ম লোকে প্রবেশের চেটায় তারা কখনও নিরাশ হন না অনেক প্রতিবন্ধক থাকলেও ভতিযোগীদের প্রদর্শিত পথ কঠোরভাবে অনুসরণ করে কৃষ্ণভক্তরা সহজেই ঐ বাধাওলি অতিক্রম করেন। এই বক্স ভক্ত অপ্রাকৃত ভগবন্ ধামে অপ্রসরের জীবনযান্তায় কখনও বিস্তাম্ভ হন না। চিম্ময় জগতে প্রবেশের জন্য ভগবদ্ভিবে নিশ্চিত পথ গ্রহণকারী কেউই প্রবন্ধিত বা হতাশ হন না। বেদপাঠ (স্বাধায়), যক্ত অনুষ্ঠান, তপশ্চর্যা ও দান আদি দ্বারা যে সমস্ত ফল লাভ হয়, সহজেই তা ভক্তিযোগ বা শুধুমান্ত ভগবদ্ সেবার মাধ্যমেই শাভ হয়

এই জন্য ভক্তিযোগ হচ্ছে ভবরোগের ঔষধ, এই কলিযুগে বিশেষভাবে ভগবান শ্রীকৃষ্ণের সবচেয়ে মহান, উদার ও বদান্য অবতার শ্রীচৈতন্য মহাপ্রভূ (১৪৮৬-১৫৩৪) বাংলায় আবির্ভূত হয়ে ভগবানের দিব্য নামকীর্তন ও নৃত্যাদির মাধ্যমে সংকীর্তন আন্দোলন সাবা ভারতে প্রচার করে এই ভক্তিযোগের অনুশীলন খুব সহজ করে দিয়েছেন ভগবান শ্রীচৈতন্য মহাপ্রভুর কৃপায় একজন সহজেই এই ভক্তিযোগের পদ্ম অবলম্বন করতে পারেন। এইভাবে হাদয়ের সমস্ত সংশয় দূরীভূত হলে সংসার দাবানল নির্বাপিত হবে এবং দিব্য আনন্দের বর্ষণ হবে

ব্রদাসংহিতার ৫ম অধ্যারে বসুধা বিভূতি ভিন্নস্থ এর যে বিবরণ রয়েছে তা এই জড় জগতের মধ্যেই ভগবদ্গীভায়ও জানান হয়েছে যে শত সহস্ত ব্রক্ষাণ্ডে বৈচিত্রাময় লোকসমূহ রয়েছে আর এই সকল ব্রক্ষাণ্ড ভগবানের স্ঞানীশক্তির এক চতুর্থাংশ মাত্র। ভগবানের সৃজানীশক্তির তিন চতুর্থাংশ দিয়ে বৈকুগুলোক—চিদাকাশ প্রকাশিত। অপ্রাকৃত চিশ্বয় লোকের অভিন্তের গ্রেবগণার মধ্য দিয়ে শেষ পর্যন্ড জড় বিজ্ঞানীদের হারা ব্রক্ষসংহিতা ও ভগবদ্গীতার এইসব শিক্ষা দৃঢ় নিশ্বয় হবে

২১ ব্যবক্রয়ারী ১৯৬০ সালে মজো খবরে জানান হয় ঃ জ্যোতির্বিজ্ঞানে রাশিয়ার প্রখ্যাত অধ্যাপক বোরিস ভোরান্টলোভ ভোলিয়ামিনোভ (Boris Vorontosov) বলেন যে—ব্রহ্মাতে উন্নত চেতনাসম্পন্ন জীব সমন্বিত অসংখ্য গ্রহলোক রয়েছে।

রাশিয়ান মহাকাশচারীর এই উক্তি নীচের ব্রহ্মসংহিতার বিবরণকে দৃঢ়ভাবে সমর্থন করে

> যন্য প্রভা প্রভবতো জগদণ্ড কোটি কোটিবৃশেষ বসুধাদি বিভূতিভিন্নস্ । তদ্বব্দা নিম্নলমনন্তমশেষভূতম্ গোবিন্দমাদিপুরুষং তমহং ডজামি ॥

ব্রক্ষসংহিতার এই উদ্ধৃতি অনুযায়ী বাশিয়ান জ্যোতির্বিজ্ঞানী প্রতিপন্ন করেছেন অন্তরীক্ষে কেবল অসংখ্য গ্রহলোকই নেই অসংখ্য ব্রক্ষাণ্ডও আছে। এই অসংখ্য ব্রক্ষাণ্ডগুলি অসংখ্য লোক সহ অন্তরীক্ষে ভাসমানই নয় মহাবিষ্ণুব দিব্য দেহনিঃসৃত ব্রহ্মচ্য়োতি থেকে তারা উদ্ভত, যিনি এই ব্রহ্মাণ্ডের অধিপতি ব্রহ্মা দ্বারা বন্দিত হন

ক্রশ জ্যোতির্বিজ্ঞানী এ-ও প্রতিপন্ন করেছেন যে কম করে হলেও

> কোটি গ্রহলোকে জীব আছে ব্রহ্মসংহিতাতে নির্দেশ করা হয়েছে
যে অসংখ্য ব্রহ্মাণ্ডের প্রতিটিতে অসংখ্য বৈচিত্রাপূর্ণ গ্রহলোকসমূহ
রয়েছে। জীবতত্ববিদ্ অধ্যাপক ব্লাভিমির অক্সটভের এই অভিমত যে
উপরিউক্ত গ্রহলোকগুলির কোন কোন গ্রহলোক গুলিতে এই পৃথিবীর
মতো উন্নত অবস্থা প্রাপ্ত হওয়াকে সমর্থন করছেন যা হছে এক
জ্যোতির্বিজ্ঞানীর অভিমত। মন্ত্রো থেকে আরও খবর এসেছে

এমনও হতে পারে যে পৃথিবীর মতো ঐ সকল গ্রহলোকেও জীবনের বিকাশও হয়েছে রসায়নের বিজ্ঞানী নিকোলাই ঐ প্রহলোকের জলবায়ুর সমস্যা বিষয়ে দৃষ্টি আফর্ষণ করে বলেছেন, থেমন মঙ্গলগ্রহের নিম্নতাপমাত্রার জীবদেহ সাধারণভাবে খুব সহজেই থাকার উপযোগী তিনি বলেন যে তার অনুভূতি হল মঙ্গপগ্রহের জনবায়ুর বায়বীয় সংগঠন সেখানকার প্রাণীসমূহের জীবনধারণের পক্ষে যথেষ্ট অনুকৃত্য যা ঐ আবহাওয়ার উপযোগী

বৈচিত্র্যময় বিভিন্ন গ্রহলোকে জীবসন্তার উপযোগিতাকে ব্রহ্মসংহিতায় বিভূতি ভিন্নম্ বলে বর্ণনা করা হ্যোছে অর্থাৎ ব্রহ্মাণ্ডগুলির অসংখ্য গ্রহলোকের প্রত্যেকটি এক বিশেষ পরিবেশ সম্পন্ন এবং সেখানকার আবহাওয়ার উৎকর্ষতা বা নিকৃষ্টতা অনুযায়ী জীবকুল বিজ্ঞান দর্শনাদিতে উন্নতশীল। 'বিভূতি' অর্থে বিশেষ ক্ষমতা এবং 'ভিন্নম্' অর্থে ভিন্ন ভিন্ন। যান্ত্রিক উপায়ে অন্যান্য গ্রহলোকে পৌছনোর উদ্যোগে যারা অন্যান্তর উলোনে সচেষ্ট সেই বিজ্ঞানীদের হলয়ক্ষম করা আবশ্যক যে পৃথিবীর পরিবেশের উপযোগী জীবসন্তা অন্য গ্রহলোকের পরিবেশে থাকতে অক্ষম। তাই মানুষের চন্দ্র, সূর্য বা মঙ্গল গ্রহে অভিযানের চেন্ডা সম্পূর্ণ নিজ্ঞল হবে কেননা অন্যান্য গ্রহলোকে পরিবেশ-

আবহাওয়া বিভিন্ন তবে ইচ্ছা হলে স্বতন্ত্রভাবে যে কোন প্রহলোকে যাওয়ার চেষ্টা করা যায় কিন্তু তা সম্ভব কেবল মানসিক ভাবনার পরিবর্তন দারা মন হচ্ছে জড় দেহের প্রধান ইন্দ্রিয়। এই জড় দেহের ক্রমবিবর্তন-প্রগতি তার মানসিক ভাবনার উপর নির্ভর করে। একটি কীটের দৈহিক গঠনের পরিবর্তন হয়ে প্রজাপতিতে রূপান্তর এবং বর্তমান চিকিৎসা বিজ্ঞানে পুরুষ দেহ নারী দেহে রূপান্তর (বা তার বিপরীত) কমবেশী মানসিক ভাবনার উপর নির্ভরশীল।

ভগবন্দীতার বলা হয়েছে যে যদি কেউ মৃত্যুর সময় পরমেশ্বর ভগবান ক্ষেত্র রূপে মনকে আবিষ্ট করে দেহত্যাগ করেন, তিনি তৎক্রণাৎ অপ্রাকৃত দিবা ধামের চিন্মা স্থিতিতে প্রবেশ করে। এর অর্থ হচের যে ভগবন্ ভজনের নির্দিষ্ট বিষিশুলি পালনের মাধ্যমে জড় থেকে ভগবানের চিন্ময়ক্রপে মনকে শিক্ষা দিয়ে সহজেই ভগবন্ধাম লাভ করতে পারেন। এই বিখয়ে বিন্দুমান্ত সন্দেহ নেই

এইভাবে কেউ আকাশে যে কোন গ্রহলোকে প্রবেশ করতে ইছে। করে, দেহ ত্যাগ মাত্র তিনি সেখানে যেতে পারেন কেউ চন্দ্র, সূর্য বা মঙ্গল গ্রহে থেতে চাইলে এই উদ্দেশ্যে কেবল উপযোগী কার্য অনুষ্ঠান ধারা তিনি তা করতে পারেন। ভগবদ্গীতার নীতের বিবরণে এই তথ্যকে প্রতিপন্ন করা হয়েছে—মৃত্যুর সময় যিনি যে ভাব স্মরণ করে দেহত্যাগ করেন, মৃত্যুর পর তিনি সেইভাবে ভাবিত তথ্যকেই লাভ করেন

ভরত মহারাজ কঠোর তপস্যাময় জীবনযাপন করলেও, মৃত্যুর সময় হবিশের চিন্তা করায় দেহ ত্যাগের পর একটি হরিণ হয়ে জন্মগ্রহণ করেন। মহি হোক, তিনি তাব বিগত জীবনের ভগবদ্ ভাবনা বজায় রেখেছিলেন এবং নিজের ভূল বুঝতে পেরেছিলেন একজ্ঞন ব্যক্তির সারা জীবনের কার্যকলাপ মৃত্যুর সময় তার চিস্তাভাবনাকে যে প্রভাবিত করে, তা হাদয়ক্রম করা প্রয়োজন, শ্রীমন্তাগবতে (তৃতীয় স্কন্ধ বত্রিশ অধ্যায়) চম্রলোকে প্রবেশের উপায় নীচে বর্ণনা করা হয়েছে ঃ

ভগবদ্ ধামের তথ্য যাদের জানা নেই, সেই জড়বাদীরা সর্বদাই জাগতিক ধন, যশ, খ্যাতি লাভে প্রমন্ত এইসব লোক তাদের সুখের জন্য নিজ পরিবার ভরপোষণের উন্নতিতে আগ্রহী থাকে এবং তারা সামাজিক ও জাতীয় কল্যাণের প্রগতিতেও আগ্রহশীল থাকে। এইসব লোক জড় জাগতিক কার্যাবসী দ্বারা তাদের ঈশিত বন্ধ লাভ করে। এরা শান্ত নির্দিষ্ট কার্যকলাপে যান্ত্রিকভাবে নিযুক্ত থাকে এবং তাই শান্ত্রনির্দিষ্ট যজ্ঞ অনুষ্ঠান দ্বারা পিতৃপুরুষ ও দেবতাদের ভূষ্ট করতে ইছেক। এইরকম যজ্ঞ ও কর্মকাণ্ডীয় অনুষ্ঠানে আসক্ত জীবাখা মৃত্যুর পর চন্দ্রলোকে প্রবেশ করে। চন্দ্রলোক প্রাপ্ত হয়ে সে স্থাীয় প্রানীয় সোমরস পানের ক্ষমতা লাভ করে। এই গ্রহলোকের অধিষ্ঠাতা হচ্ছেন চদ্রদেব . সেথানকার পরিবেশ ও জীবন উপভোগ্য উপকরণ এই পৃথিবী থেকে অনেক বেশী আরামদায়ক, মনোরম ও সুবিধাজনক জীব আরও উধর্বলোক প্রাপ্তির সুযোগ ব্যবহার না করলে, চন্দ্রলোক প্রাপ্তি সংখ্যুও তার অধঃপতন হয়, সে পৃথিবী আদি গ্রহলোকে প্রত্যাবর্তনে বাধ্য হয় তবে জড়বাদীরা সর্বোচ্চ লোক প্রাপ্ত হলেও সমগ্র জড় প্রকাশের প্রলমের সময় ঐ জড়বাদীরাও বিনাশ প্রাপ্ত হয়।

চিদাকাশ সন্বন্ধে বলা যায় প্রব্যোমে অসংখ্য বৈকৃষ্ঠলোকসমূহ ব্যেছে। বৈকৃষ্ঠসমূহ হচ্ছে ভগবানের অন্তঃরঙ্গা শরাশন্তি সভ্ত চিমায়লোক এবং ভগবানের বহিরজা প্রকৃতি জড়াকাশের প্রহলোকের অনুগাতে এই চিমায় বৈকৃষ্ঠলোকগুলি তাদের তিনগুল। এইভাবে ভগবানের সৃষ্টির স্বচেয়ে নগণা এই পৃথিবীতে রাজনৈতিক সামজন্য সাধনে দুর্ভাগা জড়বাদীরা বাস্ত। এই পৃথিবীর কথা কিছুমাত্র না বলেও, সমগ্র ছায়াপথ সমূহের অসংখ্য গ্রহলোক সমূহসহ সমগ্র ব্রন্মাণ্ড হচ্ছে তুলনায় সবিষাপূর্ণ এক বস্তা সবিষার একটি মাত্র দানা। কিছ দুর্ভাগা জড়বাদীর। এখানে আরামে জীবন উপভোগের পবিকল্পনা করে মানবজীবনের বহু মূল্য শক্তিসামর্থ্যের অপচয় করে, যা পরিগামে নিশ্চিতভাবে নিজ্ফল ও বার্থ হয়ে যায়। মনোধর্মী শুদ্ধ তর্কপন্থায় সময়ের অপচয় করবার পরিবর্তে সাধারণ জীবন ও উচ্চ ভগবদ্ ভাবনার মাধ্যমে একজন নিরন্তর জড় জাগতিক অশান্তি থেকে উদ্ধার সাভ করতে গারেন।

এমনকি একজন জড়বাদী উন্নত ভৌতিক সুযোগ সুবিধা ভোগ করতে ইচ্ছুক হলেও পৃথিবী থেকে বহুওণ উন্নত ভৌতিক সুখভোগ যেখানে পাওয়া যায় সেই গ্রহলোকসমূহ সে লাভ করতে পারে। তবে সর্বশ্রেষ্ঠ হচেছ দেহত্যাগোর পর চিদাকাশে কিরে যাওয়ার প্রয়াস করা যাই হোক, কেউ যদি জাগতিক ভৌতিক সুবিধা ভোগ করতে ইচ্ছুক হয়, যৌগিক শতির প্রয়োগ হারা সে জড়াকাশের প্রহান্তরে স্থানাতরিত হতে পারে। মহাকাশচারীদের খেলার স্পুটনিক শিশুসুলভ বিনোদন হাড়া আর কিছু নয় কেননা তা কোন কাজের নয়।

ভৌতিক জড় দেহস্থ বায়ুর গতি নিয়ন্ত্রণ শিক্ষাদায়ক হওয়ার অন্তাঙ্গ বায়ার সাধনাও ভৌতিক পছা চিং স্ফুলিঙ্গ আঘা। দেহস্থ বায়ুতে ভাসমান এবং আঘা। বিরাজিত বায়ুর টেউওলি হছে খাস-প্রশাস। ভাই যোগসাধনা হল বায়ু নিয়ন্ত্রনের একটি কৌশলমাত্র, বার মাধ্যমে উদর থেকে নাঙি, নাভি থেকে বক্ষ, কল থেকে কন্ঠদেশ, সেখান থেকে চক্ষু গোলাকে, ভারপর ব্রক্ষরক্ষে এবং সেখান থেকে ঈশিত যে কোন প্রহলোকে স্থানাভরিত হওয়া যায় জড় বিজ্ঞানীরা বায়ু ও আলোকের গতিবেগ নির্ধারণ করেন, কিন্তু মন ও বুদ্ধির গতিবেগ সম্বন্ধে তাদের কোন ধারণা নেই মনের গতিবেগ সম্বন্ধে আমাদের কিছু সীমিত অভিজ্ঞতা আছে, কেননা মুহূর্ত মধ্যে শত সহস্র মাইল দূরে আমবা মনকে স্থানান্ডরিত করতে পারি। মনের চেয়ে বুদ্ধি আরো স্ক্র্য বৃদ্ধিব চেয়েও স্ক্ষ্ম হল আত্মা বা চিংকণ, যা মন ও বৃদ্ধির মতো

জড় নয়। পরপ্রকৃতি এই চিৎপরমাণু আত্মা বৃদ্ধির চেয়ে শত সহস্রওণ সৃক্ষ্ম ও প্রবল তাই এইভাবে আত্মার গ্রহান্তর পবিভ্রমণের গতিবেগ আফরা শুধু বন্ধনা করতে পারি। আত্মা কোনো ভৌতিকযানের সাহায্য ছাড়াই নিজ শক্তির দ্বারা পরিজমণ করে, তা নতুন করে বলার প্রয়োজন নেই

আহার, নিদ্রা, তয় ও ইদ্রিয়তর্পণয়য় পাশবিক সভাত। আধুনিক মানবকে বিপথগামী করে তার আদ্মার এত প্রবল শক্তিমন্তার কথা ভূলিয়ে লিয়েছে ইতিমধ্যেই বর্ণনা করা হয়েছে যে আদ্মা হচ্ছে সূর্য, চন্দ্র বা বিদ্যুতের চেয়ে অনেক অনেক গুণ আলোকোজ্জল, দীপ্তিময়, প্রচণ্ড বলশালী দুর্লভ মানব জীকন বিকল হয়, যদি লে আদ্মার স্বরূপ উপদারি না করে এইরকম বিশ্রান্তকারী সভ্যতা থেকে মানুবকে উদ্ধার করবার উদ্দেশ্যে স্পার্যন নিতানেশ প্রভু সহ ভগবান শ্রীচৈতন্য মহাপ্রভু জগতে আবির্ভৃত হন।

যোগী কিভাবে ক্রনাণ্ডের সকল প্রহলোকে জমণ করতে পারে
শ্রীমন্তাগথতে তার বর্ণনা আছে যখন জীবনীশক্তিকে লঘু মন্তিমে
উন্নীত করা হম, তখন চোখ, নাক, কান আদি দিয়ে প্রবলবেশে তা
বেরিয়ে যাওয়ার খুবই সন্তাবনা থাকে কেননা এই স্থানওলিকে এই
শক্তিব সপ্তম চক্র বলে সম্পূর্ণ বায়ুরোধ ছারা যোগীরা কিন্তু এই
রক্সন্তাবভলি নিরুদ্ধ করে দিতে পারেন তখন যোগী মধাচক্রে অর্থাৎ
ক্রবয়ের মধ্যে প্রাণবায়ুকে কেন্দ্রীভূত করেন দেহত্যাগের পর যোগী
কোন প্রকলোকে প্রবেশে ইচ্ছুক, এই অবস্থায় যোগী তা চিন্তা করেন
তখন তিনি মনস্থিব করতে পারেন যেখানে গেলে এই জড় জগতে
তাব জার ফিরে আসতে হবে না তিনি কি সেই অপ্রাকৃত দিব্যধাম
বৈকৃষ্ঠলোক, কৃষ্ণের ধামে যেতে চান্ না জড় জগতের উর্ধ্বলোকে
যেতে চান্ সিন্ধযোগী তার যেমন ইছো ঐ লোকসমূহের যে
কোনটিতে যেতে পারেন্য।

যিনি উপযুক্ত ভাবনায় দেহতাণে সাফল্য অর্জন করেছেন সেই সিদ্ধযোগীর পঞ্চে এক গ্রহ থেকে অন্য গ্রহে নিজেকে স্থানান্তরিত করা এক সাধারণ মানুষের মূদীর দোকানে হেটে যাওয়ার মতেই সহজসাধ্য ইতিমধ্যেই আলোচিত হয়েছে যে, জড় দেহটি আমাদের চিন্দয় আবার একটি আবরণ মন ও বৃদ্ধি হচেছ আত্মার সৃন্ধু আবরণঃ আর মাটি, ন্ধান, বায়ু আদিতে তৈরি স্থুন দেহটি হল আত্মার বহিরাবরণ। তাই যে কোন উন্নত জীব, ফিনি যৌগিকা পপ্তায় আত্মবিদ্ হয়েছেন। যিনি জড় ও চেতনের সম্বন্ধ জানেন, ডিনি স্বেচ্ছায় সৃষ্ঠভাবে আত্মার স্থুল দেহ ত্যাগ করতে পারেন। ভগবদ কুপায় আমাদের পূর্ণ স্বতদ্বতা আছে। ভগবান আমাদের প্রতি সদন্ম হওয়ার স্বেচ্ছাম পরব্যোম বা চিদাকাশে যে কোন স্থানের যে কোন গ্রহলোকে আমর। বসবাস করতে পারি। তবে এই স্বতন্ত্রতার অপব্যবহারের ফলে ছাড় জগতে পতন হয় এবং বন্ধ জীবনের ত্রিতাপ দু:খ দুর্দশা ভোগ করতে হয় মিলটন রচিত প্যারাউথিস লস্ট (Parac se Lost) গ্রন্থে আত্মার পহলমতো দ্ধাও জনতে দৃঃখময় জীবন যাগনের সুন্দর উদাহরণ দেওয়া হয়েছে। সেইরকম আত্মা স্বেচ্ছায় আধার ভগধদ্ধাম লাভ করে ভগবানের কাছে ফিরে যেতে পারে

সম্ভাবনালীন মৃত্যুর সময় প্রাণবায়ুকে ক্রযুগলের মধ্যস্থানে স্থাপন করে, ইছামতো সে যেখানে খুশি যেতে পারে। জড় জগতের সঙ্গে সম্পর্কে রাখতে অনিজুক হলে মুহূর্ত সময়ে চিনায় পরিবেশে তার পক্ষে স্বচেয়ে উপযুক্ত সিদ্ধ চিদ্দেহে অপ্রাকৃত বৈকুণ্ঠলোকে তিনি উপস্থিত হতে পারেন। কেবল জড় জগতে তাব সৃক্ষ্ণ ও স্থূল উপাধি ত্যাগের ইচ্ছা করতে হবে এবং তারপর প্রাণবায়ুকে ব্রহ্মরক্তে স্থাপন কবে দেহতাগে কবতে হবে। যোগ অনুশীলনে এই হচ্ছে সর্বোন্তম সাফল্য, স্বোচ্চ সিদ্ধি অবশ্য মানুষের স্বতন্ত্র ইচ্ছা আছে এবং এইজন্য সে যদি জড় জগৎ থেকে মুক্ত হতে না চায়, তাহলে সে ব্রহ্মলোকে ব্রহ্মার

কীর্তন কালীন দশটি নামাপরাধ আছে। যতদূব সম্ভব এইগুলি ত্যাগের চেষ্টা করা চাই তবে যে কোন উপলক্ষে পবিত্র ভগবন্নমে কীর্তন সদা সর্বদাই চেম্বা করা কর্তব্য

৩। দিবা ভাগবত কথামৃত আস্থাদন করা উচিত, ভাগবত পাঠ অনুষ্ঠানে ভক্ত ভাগবতের কাছে গ্রন্থ ভাগবতের প্রামাণিক কথা শ্রবণ সম্ভব।

৪, কৃয়ে জন্মস্থান, মধুরায় বাস করা উচিত, অথবা শ্রীবিশ্রহ প্রতিষ্ঠা করে সদ্ওক্ষর দ্বারা দীক্ষিত হয়ে পরিবারের সকলে বিশ্রহোপাসনরে মাধ্যমে গৃহে মথুরার মতো পবিত্ত তীর্থের পরিবেশ সৃষ্টি করা উচিত।

৫ গভীর শ্রন্ধা ও ভতিভরে এমনভাবে শ্রীবিগ্রহ-সেবা কর। উচিত যাতে গৃহের সমগ্র পরিবেশ ভগবদ্ ধামের প্রতীক হয়ে উঠে, যিনি দিব্য ভগবদ্ উপাসনায় পারগত ও প্রাথীকে উপযুক্ত পত্বা প্রদর্শন করতে পারেন সেই সদ্ওাক্তর নির্দেশ ছারা তা সন্তব

উপরের পাঁচটি নিয়ম বিশ্বের যে কোন স্থানের যে কেউ প্রবণ করতে পার্কেন।

এই যুগে বিশেষভাবে পতিতদের উদ্ধারের জন্য খিনি আবির্ভৃত হয়েছিলেন, সেই প্রীচৈতন্য মহাগ্রভ্র মতো অধিকারী আচার্য হারা স্বীকৃত সবল পদ্ধতি অনুসরণ করে যে কেউ এইভাবে ভগবানের দিব্যধামে ফিরে যাওয়ার জন্য প্রস্তুত হতে পারেন।

এই বিষয়ে আরো বিজ্বত বিষরণের জন্য ভক্তিরসামৃতসিদ্ধুর মতো শাপ্ত পাঠ করা উচিত। পরবোমের দিব্যধামে স্থানান্তবিত হওয়ার সমগ্র পদ্ম হল চিম্মর আত্মার স্থূল ও সৃষ্ট্র ভৌতিক উপাধির কাজ সমাপ্ত করা। উপরে উল্লেখিত ভগবদ্ সেবাব পাঁচটি বিধির পারমার্থিক বল এতই প্রাণবস্ত যে এক উন্নত ভক্ত আন্তরিকভাবে ঐ বিধিগুলির অনুস্ঠানে এমনকি প্রাথমিক স্তরেও ভাব এর স্তরে উনীত হবেন। যা মানসিক জন্মনা করনা ও শুদ্ধ তর্ক পদ্ধার অতীত। ভৌতিক সংসারাশ্রম

ত্যাগ করবার পর সম্পূর্ণ ভাবাবিষ্ট বা ভগবদ প্রেম লাভে পরব্যোম চিজ্জগতে স্থানান্তরিত হন এমনকি সূল জড় শরীরে অবস্থান কালেও ভগবদ প্রেমে সিদ্ধিলাভে বস্তুতঃ চিদ্মর স্থিতি প্রাপ্তি হয়। আণ্ডনের সংস্পূর্ণে জ্বলন্ত লৌহের অবস্থা যেমন হয় আর লৌহধর্ম থাকে না. আগুনের ধর্ম প্রাপ্ত হয়, তারও ঐ রকম অবস্থা হয়। জড় বিজ্ঞানের পরিমাপ ক্ষমডার অতীত ভগবানের উপদিষ্ট ও অচিন্তা বিভূতির ধারাই যা সম্ভব হয় এইজন্য জখণ্ড বিশ্বাসে ভগবদ সেবায় নিয়োজিত হওয়া উচিত ভাবনা, চিন্তার, মাধ্যমে ব্যক্তিগতভাবে উন্নত মানের ভক্তের প্রকৃষ্ট সঙ্গ অন্বেষণ করা চাই যাতে বিশ্বাস অবিচলিত হয় এই রকম সাধ সঙ্গর মথার্থ ভগবন্তুক্তি বিকাশের সহায়ক হয় বিদ্যুতালোকের মতো সকল জন্ত জাগতিক অনর্থ দুরীভূত করবে 🛮 চিন্মর প্রতীতির এই সৰ বিভিন্ন স্তৰ ভগৰদ্ধাম প্ৰাৰ্থী ব্যক্তিগতভাবে স্বয়ং অনুভৰ করবেন আর এর ফলে তাঁর দৃঢ় বিশ্বাস হবে যে তিনি অপ্রাক্ত সনাতন দিব্য ধামের পথে প্রগতি লাভ কয়ছেন তখন তিনি আন্তরিকভাবে ভগবানে ও জার সনাতন ধামে আসক্ত হবেন ভগবদ প্রেম উদ্মেষের এই রকমই হল ক্রমপছা। এই ভগবদ্ প্রেমের বিকাশই মানব জীবনের পরম প্রয়োজন

যারা এই পস্থায় সিদ্ধি লাভ করেছেন মহারাজা, ঝাইসহ বছ
মহাজনদের দৃষ্টান্ত ইতিহাসে বয়েছে অধ্যবসায় ও বিশ্বাসে ভগবন্ধান্তির
এমনকি একটি মাত্র আন্ধ যাজন করে কেউ কেউ সিদ্ধি লাভ করেছেন।
তাদের কয়েকজনের নামের তালিকা নীচে দেওয়া হল

- ১ কেবল প্রবণের মাধ্যমে শুকদের গোস্বামীর মতো আচার্যের কাছে মহারাজ পরীক্ষিৎ চিশ্ময় স্থিতি লাভ করেন
- ২। মহান পিতা ব্যাসদেবেব নিকট প্রাপ্ত অপ্রাকৃত দিব্য বাণী শুধু অবিকল আবৃতি করে শুকদেব গোস্বামী সেই পার্মার্থিক সিদ্ধি লাভ করেন

৩। ভাক্তপ্রবর দেবর্ষি শ্রীমারদমুনি দত্ত উপদেশামৃত নিরন্তর স্মরণের মাধ্যমে প্রহ্লাদ মহাবাজ পানমার্থিক সাফল্য অর্জন করেন।

৪ খ্রীমতী লক্ষ্মীদেবী ভগবানের পাদপয়ে উপবেশন করে, তার পাদদেবন করেই ঐ সিদ্ধি লাভ করেন

ওগবদ্ অর্চন ত্বারা মহারাজ পৃথু ভক্তিমার্গে সিদ্ধি লাভ করেন।

৬। ভগবদ্ বন্দনার মাধ্যমেই অনুন্র ভক্তি রাজ্যের সাফল্য অর্জন করেন।

৭। খ্রীরামভক্ত মহাবীর হন্মান ভগবদ্ আদেশ পালন করেই এই পথে সফল হন

৮। ভগবদ্ গীতার দিব্য জ্ঞান তার্জুন ও অনুগামীদের প্রদাতা ভগবানে স্থাভাব দ্বারা মহাবীর রণবীর অর্জুন সেই সাফল্য অর্জন করেন

৯ আখনিবেদন সহ সববিচ্ছুই ভগবচ্চরণে সমর্পণ করে মহারাজা বলী ভক্তিমার্গে সিজি লাভ করেন।

ভগবদ্ ভজনের এই হছে নয়টি অঙ্গ এবং ভড়িওার্থী এক, দুই, তিন, চার বা সব কাটি অঙ্গই গ্রহণ করতে পারেন জড় জাগতিক স্তরে পরিমাণগত বা ওগগত বিভিন্নতার উদ্ধে অন্বয়জানের সকল সেবাই স্বাং অন্বয়তত্বং পূর্ণতত্ব, অথওতত্ব চিমার স্তরে সবকিছুই এক ও অভিন্ন দিয়া, অপ্রাকৃত বৈচিত্র্যা থাকা সত্ত্বেও মহারাজ অন্বরীর উপরে উল্লেখিত ভত্তির সকল অঙ্গ যাজন করেন এবং ভক্তি পথে সিদ্ধি লাভ করেন। তিনি তার মনকৈ ভগবানের পাদপথে তারে বাণী ভগবদামের মহিমা কীর্তনে, তার হাত ভগবদ্ মন্দির মার্জনায়, তার কর্ণ ভগবান শ্রীকৃষ্ণের বাণী শ্রবণে, তার চোখ দুটি ভগবদ্ শ্রীকিগ্রহ দর্শনে, তার দেহটি ভগবদ্ ভত্তের শ্রীর স্পর্শনে তার নাসিকা ভগবদ্ অপিত পূম্পের সুগদ্ধ ল্লাণে, তার জিহা ভগবদ্ প্রসাদ আস্বাননে, তার পদ্বয় ভগবদ্ মন্দির মন্দির দর্শনে, ইন্তিয় ভোগে সম্পূর্ণ নিঃস্পৃহ হয়ে

জীবনের সমস্ত শক্তি ভগবদ্ সেবায় নিয়োগ করেন। স্তাড় বিজ্ঞানে সমস্ত নৈপুণাকে ধিকার দিয়ে এইসব দিবা ভগবদ্ সেবা মানব জীবনের পরম পূর্ণতা লাভে সহায়ক হয়েছে

জীবনে সিদ্ধি লাভের জন্য আছোপঙ্গন্ধির এই বিধি প্রহণ তাই সকল মানবের পক্ষে একান্ত প্রয়োজন মানব জীবনের একমাত্র দায়িত্ব হল আছোপঙ্গন্ধি, নিজেকে জানা দুর্জাগ্যবশতঃ বর্তমান যুগে মানব সমাজ জাতীয় কর্তব্য সাধনে অতীব ব্যক্ত বস্তুতঃ যারা পারমার্থিক দায়িত্বজ্ঞানহীন কেবল তারাই জাতীয় কর্তব্য, সামাজিক কর্তব্য ও মানবহিতৈবী কর্তব্য লাখনে দায়বদ্ধ জন্ম হওয়া মাত্র মানুষের শুধু লাতীয়, সামাজিক এবং মানবহিতেবী দায়দায়িত্ব থাকে না, যারা জগতে বায়ু, জল ও আলোক সরবরাহ করেন তাদের প্রতি আমাদের দায়দায়িত্ব থাকে আদর্শ জীবনপথে যথার্থ নির্দেশের যে মহান শ্ববিরা বিশাল জানের ভাগ্তার রোখে গেছেন তাদের প্রতিও মানবের দায়িত্ আছে সব রক্ম জীবের প্রতি, পিতৃপুরুবের প্রতি, গরিবার পরিজনাদির প্রতিও তার দায়দায়িত্ব বয়েছে কিন্তু একটি মাত্র দায়দায়িত্ব, পারমার্থিক সিদ্ধির কর্তব্য স্বয়ং নিমুক্ত হওয়া মাত্র, আন্য প্রচেষ্টা হাড়াই তার সকল দায়দায়িত্বের স্বতঃই হিসাবনিকাশ শেষ হয়ে যায়।

ভগবন্তুক্ত কথনও সমাভের কাছে বিরক্তির পাত্র নম পক্ষান্তরে তিনি
মানব সমাজের এক গুলাবান সম্পদ। ইহকাল ও প্রকালে সমাজের
শান্তি ও সমৃদ্ধি কামীদের জন্য অপরিমেয় নিঃস্বার্থ সেবা করতে পারেন
যখনই এক ব্যক্তি শুদ্ধ ভক্ত হন। কেননা কোন সজ্জন ভক্তই
পাপকর্মে আসক্ত হন না। তবু এইরকম ভক্ত কোন অপরাধ করলেও
ভগবান স্বয়ং তৎক্ষণাৎ তাব সংশোধন করেন। এই কারণে ভক্তের
জড জাগতিক বিদ্যা যেমন কোন প্রয়োজন নেই, তেমনই সর্বত্যাগী
হয়ে তপোবনবাসী হওয়ারও তাঁর কোন দবকার নেই। তিনি কেবল
স্বগৃহে অবস্থান করেই জীবনের যে কোন বর্ণাশ্রমে অবস্থান করে

তঽ

হরিভজন করতে পারেন কেবল ভগবদ দেবার মাধ্যমে অত্যন্ত নিষ্ঠুর ব্যক্তির দয়ার্য্রচিত্ত হওয়ার অনেক দৃষ্টান্ত ইতিহাসে রয়েছে বাহ্যিক প্রয়াস ছাড়াই একজন শুদ্ধভাক্তের জীবনে স্বাভাবিকভাবেই জ্ঞান ও বৈরাগ্যের বিকাশ হয়,

ভগবন্তুন্তি তত্ত্ব ভারতীয় খানিদের সারা বিখের কাছে এক শ্রেষ্ঠ অবদান। এইজন্য যিনি ভারতবর্ষে জন্মগ্রহণ করেছেন, তাদের প্রত্যেকে এই মহান তত্ত্বজ্ঞান লাভ করে তাঁর জীবনে সিদ্ধি লাভ করবার দায়িত্ব রয়েছে এবং এখনও জীবনের অভিম লক্ষ্য সম্বন্ধে অক্স জগতের অন্য লোকদের বিতরণ করবার দায়িত্ব রয়েছে। মানব সমাজ ক্রমশ খ্রান বিকাশের মাধ্যমে জীবনের এই সিদ্ধির করে পৌছাবেই তবে ভারতীয় খারিরা এই লক্ষ্যে ইতিমধ্যেই পৌছিমেছেন। এই উচ্চ শিখরে সৌহতে হাজার হাজার বছর কেন অপেক্ষা করতে হবে ওটি তাদের সময় ও শক্তি অপচয় থেকে রক্ষার উদ্দেশ্যে এই তথ্য এক সৃষ্ঠ পছায় তাদের দেওয়া হবে না কেন? খা লাভ করতে হয়তো তাদের লক্ষ্য বছর কঠোর প্রয় করতে হত। এক জীবনে তারা তার সুযোগ গ্রহণ করতে পারে

অধুনা এক রাশিয়ান উপকথা রচনাকার বিশ্বে আভাষে জানাচ্ছেন যে বিজ্ঞান মানবকে চিরঞ্জীবী হতে সহায়তা করবে। অবশা, একজন সৃষ্টিকর্তা, পরম ব্রক্ষে তিনি বিশ্বাস করেন না তবু স্বাগতবাসীকে তার অভিমত জানানোয় আমরা তাকে স্বাগত জানাই কেননা আমরা জানি যে বিজ্ঞানের যথার্থ উন্নতির ফলে মানুর নিশ্চয় চিয়য় সনাতন ধাম লাভ করবে এবং বিজ্ঞানীদের জানাবে যে সমস্ত জাগতিক বৈজ্ঞানিক ধারণার অতীত, সর্বশক্তিমান এক পরম স্রষ্টা আছেন। প্রত্যেক জীবই স্বরূপতঃ নিত্য, শাশ্বত বলে শাস্ত্রে উল্লেখ আছে, কিন্তু তার স্থুল ও সৃক্ষ্ম শ্রীর পরিবর্তন করতে হয় আর এই পরিবর্তন পদ্বাকে জন্ম ও মৃত্যু বলে। মানুযুকে এই ভৌতিক বন্ধন শৃশ্বলে পড়তেই হবে, এমনকি সংসার জীবনে সর্বোচ্চ অবস্থায়ও যা চলে আসছে, এই পরিবর্তন পত্না জন্ম-মৃত্যা থেকে তার রেহাই নেই জন্ধনা কন্ধনার নিপূণ, রাশিয়ান উপকথা রচনাকার যতই কল্পনা করুন, প্রকৃতির নিয়ম বিধি সম্বন্ধে যাদের কিছু জ্ঞান আছে, এই রকম প্রকৃতিত্ব ব্যক্তিরা জড় জগতে মানুষের চিরজীবী হওয়ার কথার কখনই এক্মত হ্রেন না।

একজন প্রকৃতি-বিজ্ঞানী কেবল একটি ফলকে পরীক্ষা নিরীক্ষা করে
জড়া প্রকৃতির সাধারণ গতিপর্যায় বৃবাতে পারেন। একটি ছোট্রফল একটি ফুল থেকে উৎপন্ন হয়, বৃদ্ধিপ্রাপ্ত হয়, বৃক্ষণাথায় কিছুকাল থাকে, পূর্ণ বিকশিত হয়, পাকে, ভারপর অবশেষে বৃক্ষ থেকে পভনের পূর্ব পর্যন্ত প্রতিদিন ক্ষয়প্রাপ্ত হতে থাকে, ভূমিতে পড়ে পচতে আরজ ফরে এবং পরিশেষে মাটির সঙ্গে মিশে যায়, ভূমিতে বীজ পড়ে থাকে; বীজা থেকে এক বৃক্ষ যথা সময়ে বৃক্ষ ফল উৎপন্ন করে, যা স্বই ঐ একই গতি প্রপ্ত হয়, এইভাবে চলে।

সেইরকম এক জীব সন্তা (এক চিৎ স্ফুলিস রূপে পরম সন্তার এক অংশ) ঠিক গর্ভাগানের পরই এক মাতৃগর্ভে তার জৈব রূপ পরিগ্রহ করে জীব সন্তা অন্ধ অন্ধ করে গর্ভে বৃদ্ধিপ্রাপ্ত হয়, জন্ম লাভ করে, তারপর আরো বৃদ্ধিপ্রাপ্ত হতে থাকে এক শিশু, বালক, যুবক, প্রাপ্তবয়ন্ত, বৃদ্ধ হয় উপকথা রচনাকারের সকল শুভেছা এ আশার আকাশকুসুম কল্পনা সন্ত্বে অবশেষে অন্তিমে স্ময়প্রাপ্ত হয়ে মৃত্যুমুখে পতিও হয়। তুসনামূলক বিচারে মানুয ও ফলে কোন পার্থকা নেই ফলের মতো অপ্রকটের পর মানুয বীজ রূপে তার অনেক সন্তান রেখে যায় তবে জড়া প্রকৃতির নিয়ম অনুযায়ী সে তার ভৌতিক শরীরে অনন্ত কাল ধরে থাকতে পারে না।

জড়া প্রকৃতির কঠোর বিধানকে কি করে একজন উপেক্ষা করতে পাবে? বিজ্ঞানী যতই গর্ব, দন্ত প্রকাশ করুক, প্রকৃতির কঠোব নিয়ম বিধি সে পরিবর্তন করতে অক্ষম। জ্যোতির্বিদ বা বিজ্ঞানী প্রহের কক্ষপথ পরিবর্তন করতে পারে না, তৃচ্ছ, সামান্য এক খেলনা যাকে সে এক উপগ্রহ বলে তা তৈরি করতে পারে মাত্র, নির্বোধ শিশুরা এগুলির দ্বারা প্রভাবিত হতে পারে এবং আধুনিক কৃত্রিম উপগ্রহ, স্পুটনিক জাবিদ্ধারকদের অনেক সম্মান দিতে পারে কিন্তু মানবসমাঞ্জে যারা অপেক্ষাকৃত সৃত্ব মন্তিদ্ধসম্পদের ব্যক্তিরা, বিজ্ঞানীরা মার সংখা নির্ণয় করতে অক্ষয় সেই বিশাক্ষ সূর্য, নক্ষত্র, তারকা ও গ্রহের সৃষ্টিকর্তাকে আরো বেশী সম্মান জানাবে, প্রশংসা করবে। রাশিয়া বা আমেরিকায় যদি এক খেলনা কৃত্রিম উপগ্রহের একজন নির্মাতা থাকে, তা হলে পরব্যোহের চিন্ আকাশে বিশাল উপগ্রহত্তশির সৃষ্টিকর্তা থাকাই যুক্তিসকত। এক খেলনা উপগ্রহ তৈরি করতে ও তাক্ষে কক্ষপথে প্রস্থানর ক্ষার ব্যবস্থা করতে পারেন? এ পর্যন্ত উপবানে তালের কক্ষপথে রক্ষার ব্যবস্থা করতে পারেন? এ পর্যন্ত উপবানে অধিশ্বসীরা এই প্রশ্নের জন্মব দিতে পারে নি।

নান্তিক শ্রেণীর লোকেরা সৃষ্টিতত্ব সম্বন্ধে তাদের যে নিজম্ব মতবাদ উত্থাপন করে তা সচরাচর ফলতঃ এই রকম এটা দুর্বোধ্য, "আসাদের কল্পনাতীত", "তবু খুব সন্তব," "এটা অবিচিন্তা", ইত্যাদি অভিনত ব্যক্ত করেন। এর একমাত্র অর্থ হচ্ছে যে তাদের তথ্যের কোন প্রামাণিক ভিত্তি নেই এবং তা বৈজ্ঞানিক পরীক্ষা-পর্যবেক্ষণ লক্ষ তালিকাসূচী দ্বারা সমর্থিত নয়, বিজ্ঞানীরা কেবল জল্পনা-কল্পনা করেন, অনুমান কবেন যাই হোক্ এই সম্বন্ধে প্রামাণিক তথ্য বিবরণ জগবদ্গীতায় পাওযা যায়। যেমন ভগবদ্গীতা থেকে আমরা জানতে পারি যে এই জড় জগতে এমন জ্ঞীবসমূহ আছে যাদের আমুদ্ধাল ৪,৩০০,০০০×১,০০০×২×৩০×১০০ সৌর বৎসর আমরা ভগবদগীতাকে প্রামাণিক বলে গ্রহণ করি কেননা শহুরাচার্য, শ্রীরামানুজাচার্য, শ্রীমধ্বাচার্য এবং শ্রীটেতন্য মহাপ্রভুর মতো ভারতের মহান ঋষিরা এই শাস্ত্র গ্রন্থটিকে প্রামাণিক বলে প্রহণ করেছেন। ভগবদ্গীতা থেকে জানা যায় যে জড় জগতের অংশীভূত সকল জীবসন্তার আকারই তাদের জীবনকাল নির্বিশেষে ক্ষয়িষ্ণু ও বিনাশী

তাই সমস্ত জড় আকারই পরিবর্তনশীল যদিও প্রকৃতিগতভাবে জড়া শক্তি সংরক্ষিত হয় শক্তিবিচারে সব কিছুই সনাতন কিন্তু এই জড় জ্বগতে জড় পদার্থ আকার ধারণ করে, কিছুকান্স তার স্থিতি হয়, তা পরিণত অবস্থা সাভ করে, বৃদ্ধ হয়, তারপর সে ক্ষয়প্রাপ্ত হয়, অবশেয়ে আবার অন্তর্হিত হয়। সকল জন্ম পদার্থাই এই অবস্থা প্রাপ্ত হয়, জড়বাদীরা স্কানাছে যে আমাদের দৃষ্টি সীমার অতীত এক অজুত, অচিন্তা, কোন অন্য রূপ রয়েছে যা এই স্বাড়াকাশের অতীত বা চিদাকাশের এক অস্পন্ত ইঙ্গিত স্বাইহোক, মূল চিৎ প্রকৃতি, চিৎ তত্ত্ব আরে। কাছে কেননা সমস্ত জীবের মধ্যেই তা সক্রিয়। মখন চিৎতত্ব, চিং প্রকৃতি দেহের বাইরে তখন জড় দেহ নিজ্ঞাণ। যেমন একটি শিশুর দেহের অভান্তরে চিৎ প্রকৃতি নমেছে এবং তাই তার দেহের আকার পরিবর্তন হচেছ এবং তার দেহের বিকাশ হচেছ কিন্তু চিমায় আত্মা দেহত্যাগ করলে দেহের বিকাশ হয় মা, এই প্রাকৃতিক নিয়ম সমস্ত প্রাকৃত তত্ত্বের ক্ষেত্রেই প্রযোজ্য। আত্মর চিৎ প্রকৃতির সংস্পর্শে যখন জড়া প্রকৃতি আনে তখন এইভাবে তার আকান পরিবর্তিত হয় অন্য আকার সে লাভ করে, আত্মা বা চিৎ প্রকৃতি ছাড়া এই আকার বা রূপ পরিবর্তিত হয় ন। সমস্ত জড় বিষয়ই এই পথে পর্যায়ক্রমে বিকশিত হচ্ছে, বিকাশ লাভ করছে। ভগবানের চিৎ প্রকৃতি হওয়ায় এই গুণাতীত প্রকৃতি থেকেই এর উত্তব। আর তা বিকাশ লাভ করে সূর্য, চন্দ্র, পৃথিবী আদির মতো বিশাল রূপ লাভ করে। আর সমগ্র গ্রহমণ্ডল চোদ্দটি ভাগে বিভক্ত এবং গুণবিচারে তারা বিভিন্ন, কিন্তু এই বিকাশ লাভের একই নীতি সকলের ক্ষেত্রে সত্যঃ চিংশক্তি হচেং স্রস্টা আর এই চিৎ শক্তি দ্বারাই একমাত্র সম্পূর্ণ অ্যুকারের রূপান্তর, পরিবর্তন এবং বিকাশ ঘটে

অনেক মূর্থরা দাবি করে যে জীবন শুধু এক রাসায়নিক মিশ্রণের মতো জড় বিকার দ্বারা সৃষ্টি—নিশ্চয়ই তা নয় জীবশক্তিকে স্থান দিতে এক অনুকৃষ পরিকেশ সৃষ্টিকারী এক উন্নততর সন্তা দারা জড়ীয় ক্রিয়া-প্রতিক্রিয়া সক্রিয় হয়ে উঠে গতিশীলতা প্রাপ্ত হর। এক চিম্ময় সন্তার স্বতন্ত্র ইচ্ছা দ্বারা যা নির্ধারিত সেই এক উন্নতত্তর উৎকৃষ্ট শক্তি জড় বস্তুবো উপযুক্তভাবে পরিচালনা করেন। যেমন গৃহ নির্মাণের উপাদানগুলি স্বতঃই মিশ্রিত হয়ে হঠাৎ এক আবাসগৃহের আকার ধারণ করে না, জীবন্দু চিম্ময় সন্তা তার স্বতন্ত্র ইচ্ছা হারা জড় প্রব্যকে যথারথভাবে চালনা করে, এইভাবে সে তার গৃহ নির্মাণ করে সেই রকম জড় পদার্থ হতেই উপাদান মাত্র, কিন্তু চিন্ময় আত্মা হতেই স্রস্তা। যুঞার্থ জ্ঞানহীনরাই এই সিদ্ধান্তকে মেনে নেয় না। স্রস্তা আমাদের দৃষ্টির আড়ালে আছে বলে, তার অর্থ এই নয় যে, কোন সৃষ্টিকর্তা নেই, রক্ষাণ্ডের সুবিশাল আকার নেখে ৩ধু বিল্লান্ড হওয়া উচিত নয়, পক্ষান্তরে এক পরম বৃদ্ধিমতার বিচারে শিক্ষা লাভ করা বরং উচিত। পরম সন্তাই হচ্ছেন অন্তিম সৃষ্টিকর্তা, সর্বাকর্ষক, পর্মেশ্বর ভগবান শ্রীকৃষ্ণ , সৃষ্টিকর্তার প্রামাণিক তথ্য সম্বন্ধে কেউ হয়তো অন্ধা থাকতে পারে। ভগবদ্গীতা, বিশেষভাবে শ্রীমন্ত্রাগবতের মতো বৈদিক শাল্তে কিন্তু তা দেওয়া আৰ্ছে

মহাকাশে যথন এক বৃত্তিম উপগ্রহ উৎক্ষেপণ করা হয়, একটি
শিশু হয়তো বৃথতে পারে না যে এর পেছনে বৈজ্ঞানিক মন্তিষ্ক রয়েছে
কিন্তু প্রাপ্তবয়স্ক বৃদ্ধিমান ব্যক্তি বৃথতে পারেন যে পৃথিবী থেকে
বৈজ্ঞানিক মন্তিষ্ক এই উপগ্রহগুলিকে নিয়দ্রণ করছে সেইরকম সৃষ্টিকর্তা
এবং চিজ্জগতে তার নিত্য ধাম সম্বন্ধে স্বন্ধমেধা ব্যক্তিনের কোন তথা
জানা নেই যা আমাদের দৃষ্টিসীমা থেকে অনেক অনেক দূরে। এই
চিদাকাশ বস্তুতঃ আছে এবং এই চিন্ময় গ্রহলোকগুলি আয়তনে অনেক
বিশাল এবং জড় আকাশের গ্রহলোকের তুলনায় সংখ্যায় অনেক বেশি।

ভগবদ্গীতা থেকে আমরা জানতে পারি যে সৃষ্টির এক চতুর্থাংশ দিয়ে জড় রন্মাণ্ড তৈরি। শ্রীমন্ত্রাগবত এবং অন্যান্য বৈদিক শান্ত্রে এই তথ্যের বহু প্রমাণ পাওয়া যায়।

কোন প্রাকৃতিক ক্রিয়াকর্ম এবং রাসায়নিক মিশ্রণ দ্বারা বিজ্ঞানীর পরীক্ষাগারে জীবশক্তি সৃষ্টি ফরা গেলে, গর্ব-উদ্ধত জড় বিজ্ঞানীরা জীবন সৃষ্টি করতে সক্ষম হয় নি কেন? তাদের অবশ্য জানা উচিত চিমায় আধ্যাদ্মিক শক্তি জড় পদার্থ থেকে বিভিন্ন এবং কোন প্রকার ভৌতিক সমধ্য দ্বারা ঐ শক্তি উৎপন্ন করা সদ্ভব নর। অধুনা রাশিয়াম ও আমেরিকানরা নিঃসন্দেহে প্রযুক্তি বিজ্ঞানের অনেক বিভাগে খুবই উন্নত কিন্তু আধ্যাদ্মিক বিজ্ঞানে তারা এখনও জজ্ঞা এক আদর্শ এবং প্রগতিশীল মানব সমাজ গঠনের উদ্দেশ্যে তাদের উৎকৃষ্ট বুদ্ধিমন্তা থেকে শিক্ষা প্রহণ করতে হবে।

রাশিয়ানরা জানে না যে আদর্শ সমাজতক্রবাদ দর্শনের বর্ণনা শ্রীমজ্ঞাগবতে রয়েছে ভাগবতে বলা হয়েছে কৃষিজা, খনিজ ইত্যাদি যা কিছু প্রকৃতিজ্ঞ সম্পদ আছে, তা পরম শ্রন্থীর সৃষ্টি এবং তাতে প্রত্যেকটি জীবেরই ভোগ করবার অধিকার আছে, সেখানে আরও বলা হয়েছে যে এক ব্যক্তির নিজ দেহ ভরণপোষণের যতটুকু সম্পদ প্রয়োজন ততটুকুতেই মাত্র তার অধিকার আছে। আর সে যদি তার চেয়ে বেশি ধামনা করে বা তার বরাদ অংশের বেশি সে গ্রহণ করে। ভাহলে সে দণ্ডাধীন হবে আরো বলা হয়েছে যে পশুদের সঙ্গে নিজ সন্তান-সন্ততিদের মতো ব্যবহার করা উচিত।

আমাদের বিশ্বাস যে বিশ্বের কোন জাতিই সমাজতন্ত্রবাদকে শ্রীমন্ত্রাগবন্তের মতো এফন সৃন্দরভাবে বিশ্লেষণ করতে পারেনি স্রস্তা এবং জীবের যথার্থ স্বরূপের পূর্ণ জ্ঞান থাকলে কেবল তথনই মানুষ বাদে অন্যান্য জীবদের সঙ্গেও ভ্রান্তা ও সন্তানদের মতো ব্যবহার করতে পারে

মানুষের মৃত্যুহীন জীবন কামনা একমাত্র চিজ্জগতেই সন্তব এই
নিবন্ধের স্চনাতেই বলা হয়েছে যে অনন্ত জীবনের কামনা সূপ্ত
আধ্যাত্মিক জীবনেরই এক লক্ষণ। মানব সভাতার উদ্দেশ্য সেই অন্তিম
লক্ষ্যেই হওয়া উচিত। এখানে উল্লেখিত ভক্তিযোগ পছার প্রত্যেক
মানুষের পক্ষে নিজেকে চিন্ময় রাজ্যে স্থানান্তবিত করা সন্তব
ভক্তিযোগ এক মহান বিজ্ঞান, জীবনে পর্ম সিদ্ধি লাভের অনেক
বৈজ্ঞানিক এইরকম সাহিত্য ভারতে রচিত হয়েছে।

ভতিযোগ মানুবের সনাতন ধর্ম। ধর্মনীতি সহ সকল বিষয়ই যখন জড় বিজ্ঞানের প্রভাবাধীন এমন সময় বর্তমান বিজ্ঞানীর দৃষ্টিকোণ থেকে মানুবের সনাতন ধর্মনীতিকে দেখা খুইই উৎসংহজনক এক বিশ্বধর্ম সম্পেলনে ভক্তর এস, রাধাকৃষ্ণন পর্যন্ত স্থীকার করেছেন ঘে বৈজ্ঞানিক দৃষ্টিকোন থেকে গ্রহণ না করা হলে বর্তমান সভাতা ধর্মকে প্রহণ করবে না। যারা সতাকে ভালবাসেন, যারা সত্যান্তেরী সানন্দে আমরা তাদের উদ্দেশ্যে ঘোষণা করছি যে সমগ্র জগতের সনাতন ধর্ম হতে এই ভতিযোগ এবং প্রমেশ্বর ভগবানের সঙ্গে নিতাযুক্ত সমস্ত স্থীবের জন্যই এই ভক্তিযোগ।

যার আদি এবং অন্ত নেই সেই ধর্মকে শ্রীপাদ রামানুজাচার্য
এইভাবে বিশ্লেষণ করেছেন। যখন আমরা সনাতন শব্দের কথা বলি
তথন আমরা এই অর্থাকেই প্রামাণিক বলে শ্বীকার করি সনাতন ধর্ম
আদি—অন্তহীন, অনা যে কোন সাম্প্রদায়িক ধর্মই সীমাবদ্দ
সন্তাতন ধর্ম সেই বকম নয়—ভিন্ন বকম বিজ্ঞানের আলোকে সনাতন
ধর্মকে সমন্ত বিশ্বের সব লোকের মুখ্য বৃত্তিরাপেই নয়—সমগ্র ব্রন্দাণ্ডের
সমন্ত জীবকুলের মুখ্য বৃত্তিরাপে দেখা সম্ভব হবে। ধর্ম মাত্রই মানব
ইতিহাসে এক শুরু আছে কিন্তু সনাতন ধর্মর ঐতিহাসিক কোন শুরু
নেই কেননা জীবের সঙ্গে সনাতন ধর্ম অনন্তকাল থেকেই আছে।

যখন এক ব্যক্তি নিজেকে হিন্দু, মুসলমান, খ্রিস্টান, বৌদ্ধ বা অন্য কোন ধর্ম সন্প্রদায়ের অন্তর্ভুক্ত বলে পরিচয় দেয় এবং জন্মের বিশেষ সময় ও পরিস্থিতির উল্লেখ করে তাকে অ-সনাতন ধর্ম বলে। একজন হিন্দু মুসলমান হতে পারে বা একজন মুসলমান একজন হিন্দু বা খ্রিস্টান হতে পারে কিন্তু সকল অবস্থায় একটি অপরিবতনীয় বৈশিষ্ট্য তার মধ্যে রয়েছে। সকল পরিস্থিতিতে সে অন্যদের সেবারত আছে। একজন হিন্দু, মুসলমান, বৌদ্ধ বা খ্রিস্টান সকল অবস্থায় কোনো একজনের সেবক। কোন এক বিশেষ খ্রেণীর বিদ্যাস্ট সনাতন ধর্ম নয় সনাতন ধর্ম হচেছ সকল ধর্মের ঐক্য ও সমন্বয় স্থাপনকারী সকল জীবের নিত্য অবস্থা। ভগবদ্দেরাই হল সনাতন ধর্ম

'সনাতন' সম্বন্ধে ভগবদ্গীতায় অনেক স্থানে উল্লেখ আছে। এই প্রামাণিক গ্রন্থ থেকে আমরা সনাতন ধর্মের তাৎপর্য শিক্ষা লাভ করি

ভাবদ্বীতার সপ্তম অধ্যায়ের দশম শ্লোকে সনাতন' শ্লের উল্লেখ আছে সেশনে ভাবান বলেছেন যে তিনি সবিশ্বন্ধর সনাতন পরম উৎস এইজন্য ভিনিও সনাতন উপনিষদে সবিকিছুর পরম উৎসকে সম্যক্ পূর্ণ বলা হয়েছে। সম্যক্ পূর্ণ, পরম উৎস থেকে উত্তত সকল অংশও সম্যক্ পূর্ণ ঐ সনাতন উৎস থেকে অনেক পূর্ণ অংশ উত্তত হলেও পরিমাণ বা ওণগতভাবে সনাতন পরম উৎসের কোন ক্ষয় হয় না কারণ, সনাতনের প্রকৃতি হল অধিকার, তার কোন পরিবর্তন হয় না। সময় ও অবস্থার প্রভাবাধীন যা কিছুরই পবিবর্তন হয় তা সনাতন ময়। তাই রূপে বা ওণে ঘাইহোক যে কোন জিনিসের পরিবর্তন হয় তাকে সনাতন বলে গ্রহণ করা যাবে না একটি জড় জাগতিক উদাহরণ দেওয়া যেতে পারে, শত সহস্র বছর ধরে সূর্য কিরণ দিয়ে চলেছেন এবং এটি একটি জড়-জাগতিক সৃষ্টি হলেও স্বর্মের রূপ ও কবণ অপবিবর্তনীয়ই আছে। এইজন্য সবকিছুর পরম মৃল উৎস হলেও বার কখনও সৃষ্টি হয়নি, তার রূপ ও গুণের কখন পরিবর্তন হয় না।

ভগবান নিজেকে সব প্রজাতির পিতা বলে দাবি করেছেন গুহং বীজ প্রদ পিতা। তারা যাইহোক, সকল জীবসন্তাবে ভগবান তাঁর অবিচ্ছেদ্য অংশ বলে দাবি করেছেন। তাই ভগবদ্গীতা তাদের স্কলের জন্যই। প্রমেশ্বর ভগবানের এই সনাত্ম প্রকৃতির কথা স্থগবদ্গীতার আছে জীব সন্তার সনাতন প্রকৃতি এবং জড় আকাশ থেকে অনেক অনেক দূরে ভগবানের ধামের কথাও দেখানে আছে,

এই জগৎ যে জন্ম, মৃত্যু, জরা ও ব্যাধিতে পূর্ণ এক দুংখালয়, ভগবদ্গীতায় ভগবান কৃষ্ণ এই তথ্যও আমাদের দিয়েছেন, এমনবিং ব্রহ্মাণ্ডের সর্বোচ্চ ব্রহ্মালোকেও এইস্ব দুঃখ রয়েছে একমাত্র ভগবন্ধাম বৈকুছলোকো সম্পূর্ণ দুঃখতাপহীন সেখানে সূর্য, চন্দ্র ব। বৈশ্যুতিক আলোকেশ কোন প্রয়োজন নেই এই বৈকুষ্ঠলোকগুলি স্বয়ং আলোকিত, জ্যোতির্ময়। সেখানে জীবন শাশ্বত, জ্ঞান ও আনদে পূর্ব এই লোককেই সনাতন ধাম বলে। ভগধান কৃষ্ণ হচ্ছেন পুরুবোশ্তম, ভিনি স্নাতন পুরুষ তার ধাম সনাতন ধাম জীব অবশৃহি তার খালয় ভংবেদ্ধামে ফিরে থাক, সেখানে কৃথেজ সঙ্গে জীবন উপভোগ করুক্ এটাই স্বাভাবিক, এটাই সঠিক সিদ্ধান্ত সংসার দাবানলে দগ্ধ হওয়ার জন্য তার। এখানে থাকবে না। এই ভব-সংসারে এমনকি ব্রহ্মলোকেও কোন সুখ নেই তাই যাঝ অলবুদ্ধিসম্পন্ন তারাই এই জড় জগতের উর্ধ্বলোকে উন্নীত হওয়ার পরিকল্পনা করে এইসব লোকে ক্ষণস্থায়ী স্বিধা লাভের জন্য তাবা দেবতাদের শরণাপন্ন হয় এইভাবে তারা ধর্ম অনুষ্ঠানের মাধ্যমে যে সুবিধা লাভ করে তা ক্ষণস্থায়ী তবে যারা বৃদ্ধিমান ব্যক্তি ভারা ধর্মের মামে এই সমস্ত অনুষ্ঠান পরিত্যাগ করেন এবং পরমেশ্বর ভগবানের চরণে শরণাপন্ন হন এইভাবে সর্বশক্তিমান ভগবামের কাছ থেকে তারা সম্পূর্ণ নিরাপন্তা লাভ করেন। ভাই স্মাতন ধর্ম হল ভক্তিযোগের পন্থা, আর এই পদ্ধার মাধ্যমেই সনাতন ভগবান এবং তাঁর সনাতন ধামকে অবগত হওয়া যায়।

চিজ্জগৎ সনাতন ধামে বিরাজ্ঞায়ন সনাতন আনন্দ উপভোগের জন্য একমাত্র ভক্তিযোগের মাধ্যমেই সেখানে ফিরে যাওয়া যায়।

যারা সনাতন ধর্মের অনুগাফী এখন থেকে ডগবদ্গীতার মূল ভাবাদর্শ তারা গ্রহণ করুল স্নাতন ধর্ম গ্রহণে কারো পক্ষে কোন ৰাধা নেই। এমনকি যে সব ব্যক্তি দিবা জ্ঞানে তেমন আলোকিত নয় তাঁরাও ভগবানের কাছে ফিরে যেতে পারেন। শ্রীমন্তাগবতে এই শিক্ষা পাওয়া যায় এবং পরমেশ্বর ভগবান এই শিক্ষা ভগবদ্গীতায় দিমেছেন। মানব জ্বাতিকে এই সুযোগ দেওয়া উচিত ভারত ভূমিতে ভগবদ্গীতার জ্ঞান দেওয়া হয়েছে; তাই প্রত্যেক ভারতীয়ের কর্তব্য এই ভগবদ্গীতার যথার্থ ধর্য পৃথিবীর অন্য ছানে প্রচার করা। এই মুহুর্তে জ্বড়বাদের অন্ধকারে মানব জাতি বিভ্রান্ত হয়ে দৃঃখ ভোগ করছে: তাদের তথাকথিত শিক্ষা পারমাণবিক বোমা আবিষ্কারে তারা সক্ষম হয়েছে তাই শীঘ্রই ভাদের বিনাশ আসন্ধ; তবে সনাতন ধর্ম থেকে ভারা জীবনের প্রকৃত উদ্দেশ্য সম্বন্ধে শিক্ষা লাভ করবে, এই ধর্ম প্রচারের হারা তারা উপকৃতও হবে

বিভিন্ন গ্রহলোক

ইদানীং কালে মানুৰ যখন চম্ৰুলোকে যাওয়ার চেষ্টা করছে তখন কৃষ্ণভাবনা অনুশীলন এক পুরানো ফ্যাশান নিয়ে ব্যস্ত বলে জনগণের মনে করা উচিত নয়। যখন সারা বিশ্বের লোক চন্দ্র অভিযানে এত অগ্রগামী আমরা তখন হরিনাম কীর্তন করছি তবে জনগণ যেন আমাদের সম্বন্ধে ভূল ধারণা না করেন, তরো যেন মনে না করেন আমরা আধুনিক বিজ্ঞানের অগ্রগতিতে পিছিয়ে পড়েছি, বস্তুতঃ ইতিমধ্যেই আমরা সমস্ত বৈজ্ঞানিক অগ্রগতিকে অতিক্রম করে গেছি ভগবদ্গীতাম উল্লেখ করা হয়েছে যে উর্ধ্বলোকে যাওয়ার মানুষের এই প্রচেষ্টা নতুন নয় পত্রিকার শিরোনামায় প্রকাশিত হয় চন্দ্রলোকে মানুবের প্রথম প্দক্তেপ', অথ্চ সাংবাদিকরা জানে না যে লক্ষ লক লোক চন্দ্রলোকে গিয়ে ফিরে এনেকে। এমন নর মানুয চন্দ্রলোকে এই প্রথমবার যাছে: প্রাচীনকাল থেকেই চন্দ্রকোকে যাওয়ার প্রচলন নমেছে, ভগবদ্গীতায় (৮/১৬) স্পষ্টভাবে উল্লেখ করা হয়েছে আব্রহ্ম ভূবনায়োকাঃ পুনঃ আবর্তিনঃ অর্জুন অর্থাৎ প্রিয় অর্জুন ব্রহ্মলোক নামে সর্বোচ্চলোকে গমন করলেও, ডোমাকে সেখান থেকে ফিরে আসতে হবে তাই গ্রহান্তরে যাত্রা এমন কিছু নতুন নয় অনুশীলনকারীরা এ-সবই জানেন।

কৃষ্ণ যাকে পরম সত্য বলেন, কৃষ্ণভন্ত হওয়ায় আমরা তা স্থীবদর করে নিই। বৈদিক শাদ্রের মতে গ্রহলোক অসংখ্য আমরা যে লোখে বসবাস করি, তার নাম ভূলোক। এর উদ্বে রয়েছে ভূবলোক। তার উদ্বে রর্গেছে ভূবলোক। তার উদ্বে র্লোক (চন্দ্র এই গ্রহলোকের অন্তর্গত)। এর উপরে আছে মহর্লোক। তার উপর জনলোক আর তারও উপরে রয়েছে সত্যালোক সেইরকম অধ্যালোকসমূহও রয়েছে এই রকমভাবে এই ব্রন্থাতে চৌদ্দটি গ্রহলোক বয়েছে আর সূর্যলোক হছে গ্রহরাজ। এদের মধ্যে মুখ্য গ্রহলোক ব্রন্ধসংহিতায় (৫/৫২) সূর্যলোকের এইভাবে বর্ণনা করা হয়েছে।

यककृत्य मिवज मकन धंशागाः वाजा ममज्जमूत्रमूर्जितस्थराजजाः । यमाज्जमा समजि मःकृठकानघरताः (भाविनमानिभुक्षरः जयहः ज्ञांभि ॥

"অর্থাৎ আমি আদিপুরুষ গোবিদের ভজনা করি, যার আদেশে অনস্ত ভেজস্থী ও ভাপদাভা সূর্য ভার কজগথে ভ্রমণ করে চলেছেন সকল গ্রহমণ্ডলের যিনি প্রধান সেই সূর্য হচ্ছেন পরমেশ্বর ভগবানের চলু।" বল্পতঃ সূর্যালোক ছাড়া আমরা কিছুই দেখতে পারি না আমাদের চোখ নিয়ে যতই বড়াই করি না কেন, খালি চোখে আমাদের পাশের বাঙ্তির প্রতিবেশীকে পর্যন্ত আমরা দেখতে গারি না। ভগবানকে আমায় দেখাতে পারেন? লোকে আমাদের মুখের সামনে প্রশ্ন ছুড়ে দেরা অথচ ভাদের দেখার জনতাই বা কত্টুকু? ভাদের এই চোখণ্ডলোর মূলাই বা কত্টুকু? ভগবানকে দর্শন করা অভ সহজ নয়। 'ভগবৎ দর্শন' ভো দূরের কথা, সূর্যালোক ছাড়া আমরা কিছুই দেখতে পারি না। সূর্যের আলোর অভাব হলে, আমরা বস্তুতঃ অন্ধ বলা যায়। রাতে আমরা কিছুই দেখতে পাই না এইজন্য তখন আমরা বিদ্যুতের আলো ব্যবহার করি কেননা সূর্যের আলো তখন পাওয়া যায় না

মহাকাশে শুধু একটা নয়, লক্ষ লক্ষ্, বহু কোটি সূর্য রয়েছে ব্রহাসংহিতায় এসবও উল্লেখ করা হয়েছে—

> যস্য প্রভা প্রভবজে জগদওলোটি কোটিযুশেষবসুধাদিবিভৃতিভিন্নম্ । তদ্বদা নিম্নলমনন্তমশেষভৃতং গোবিন্দমাদিপুকষং তমহং ভজাগি ॥

পরমেশ্বর ভগবান কৃষ্ণের চিন্ময় দেহের রশ্মিচ্ছটাকে ব্রহ্মজ্যোতি বলা হয়। আর এই ব্রহ্মজ্যোতিতে অসংখ্য প্রহলোক রয়েছে ঠিক পদ উপভোগ বরতে পারে, যারা মাধ্যাকর্ষণ, অন্তরীক্ষা ও কাল ইত্যাদির উপর সম্পূর্ণ নিয়ন্ত্রণ ক্ষমতা অর্জন করেছেন, জড় জাগতিক কর্মে পূর্ণভাবে সিদ্ধি লাভ করেছেন, সেই সিদ্ধযোগীদের আবাস, সিদ্ধলোকে যেতে পারেন, ব্রক্ষাণ্ডের এইস্ব উচ্চতর লোকে যেতে হলে মন ও বৃদ্ধি ত্যাগ করবার প্রয়োজন সেই শুধু স্কুল শরীর ত্যাগ করা দরকার।

মানবসৃষ্ট উপগ্রহ এবং যান্ত্রিক অন্তর্মান যানে মানুষকে মহাকাশের গ্রহলোকে নিয়ে যাওয়া কথনও সন্তব নয় এমনকি বছল বিজ্ঞাপিত চন্ত্রাভিফানে মানুষ সেখানে যেতে পারে না কেননা আমরা ইতিমধ্যেই উল্লেখ করেছি এখানে পৃথিবীর আবহাওয়া থেকে ঐসব উচ্চলোকের আবহাওয়া ভিন্ন গ্রকম। বিভিন্ন প্রতিটি লোকের আবহাওয়া ভিন্ন ভিন্ন এবং ব্রহ্মাণ্ডের কোন বিশেষ লোকে যেতে ইচ্ছুক হলে ঐ লোকের জালবায়ুর ঠিক উপযোগী তার ভৌতিক দেহ থাকা চাই। যেমন, কেউ যদি ভারত থেকে ইউরোপ যেতে চান, যেখানে জালবায়ু ভিন্ন রকম. তাই সেই অনুযায়ী তাকে তার পোশাক পরিবর্তন করতে থবে সেই রকম ভাবে অথাকৃত বৈক্গলোকে যেতে ইচ্ছুক হলে, দেহের সম্পূর্ণ পরিবর্তন হওয়া প্রয়োজন

কেন্দ্র রাধ্যাণ্ডের উপর্বতর লোকে যেতে ইচ্ছুক হলে, সে তার মন,
বৃদ্ধি ও জড় অহংকার রচিত তার সৃদ্ধ দেহ রক্ষা করতে পারেন,
কিন্তু মাটি, জল, আগুন আদিতে তৈরি তার স্কুলনেই পরিভাগে করতে
হবে। যখন কেন্ট অপ্রাকৃত চিন্ময়লোকে যান, তথন কিন্তু সৃদ্ধ ও
স্থুল উভয় দেহই পরিবর্তন করা প্রয়োজন কেননা চিন্ময় যামে পৌছতে
হবে এক সম্পূর্ণ চিৎ দেহে এই পোশাকের পরিবর্তন ইচ্ছা কবলে
মৃত্যুর সময় স্বতঃই ঘটকে যদি সারা জীবনব্যাপী এই অভিলাষ স্ব সময় পোষণ করা হয়। তা হলেই একমাত্র এই অভিলাষ শুধু মৃত্যুর
সময় সন্তব। যেখানে ধনসম্পদ সেথানেই হন্দয়। ভগবদ সেবা
করবার সময়ই ভগবদ্ ধাম প্রাপ্তির অভিলাষ পোষণ কবা হয় যে স্থান জন্ম, মৃত্যু, জরা ও ব্যাধি মৃক্ত সেই বৈকুণ্ঠলোকে সহজে যাত্রাব প্রয়াসে যেভাবে প্রস্তুত হওয়া যায়, তার এক সাধারণ অনুশীলনের বিশ্বদ বিবরণ নীচে দেওয়া হল-

- ১ বিজ্ঞানভিত্তিক প্রশিক্ষণ লাভের জন্য ঐকান্তিকভাবে ভগবদ্ ধাম-প্রার্থীকে অবশ্যই সদ্গুরুর চরণে আশ্রয় নিজে হবে ইন্দ্রিয়গুলি বিষয়ভোগোন্থ জড় হওয়ায় তা হারা অপ্রাকৃত চিৎ তথ্ উপলব্ধি আদৌ সম্ভব নয়, এইজন্য সদ্গুরুর নির্দেশে শান্ত্রবিধি সন্মত পছায় ইন্দ্রিয়গুলি চিশ্মা করা চাই।
- ২ সদ্গুরু নির্বাচন কর। হলে, শিষ্যকে তাঁর কাছ থেকে অবশ্য দীক্ষা গ্রহণ করতে হবে এই দীক্ষা পরমার্থ প্রশিক্ষণের সূচনা করে।
- ত সর্বত্যোভাবে সদ্গুরুর সন্তৃষ্টিবিধানে প্রাথীকে অবশ্য প্রস্তৃত্য থাকতে হবে গীভা, বেদান্ত, শ্রীমন্ত্রাগবত এবং উপনিবদাদি বৈদিক শান্ত্রে পারন্ধত সম্পূর্ণভাবে আত্মতত্মবিদ্, ভগবদ্ পার্বদ, সাক্ষাৎ হরি হচ্ছেন সদ্গুরু, তিনি ভগবদ্ধাম প্রাথীকে বৈকুঠের পথনির্দেশ দিতে পারেন, সদ্গুরুকে সকল ক্ষেত্রে অবশাই সন্তুষ্ট করা চাই কেননা সদ্গুরুর তুষ্টিবিধানে, তার কৃপাশীর্বাদে ভক্তিমার্গে প্রাথী অন্তুত প্রগতি লাভ করতে পারেন।
- B। বুদ্ধিমান প্রার্থী ভক্তিপথে সকল অনর্থ থেকে মুক্ত হওয়ার উদ্দেশ্যে সদগুরুত্ব কাছে বৃদ্ধিমন্তার সঙ্গে প্রাপদিক প্রশ্ন জিঞ্জাসা, করেন খেয়াজবুদী মতো সদ্ভক্ত পথনির্দেশ করেন না, তবে তা আচার্য-মহাজন নির্দিষ্ট পথই নির্দেশ করেন এইসব অধিকারী আচার্যদের নাম শাল্পে উল্লেখ করা আছে এবং সদ্ভক্তব নির্দেশ কেবল সেই বিধিনিবেধগুলি পালন করা চাই। সদ্গুরু আচার্য নির্দিষ্ট বিধিনিবেধ কথনও ল্ডফন করেন না
- ৫ প্রার্থীকে সর্বদা মহাজনদের পদাঙ্ক অনুসরণ করতে হবে যারা সিদ্ধি লাভ করেছেন, যারা ঐ বিধি পালন করেছেন। এইগুলিকে

জীবন ব্রত করা চাই। মহাজনদের শ্বাহ্যিক আচরণের অনুকরণ করা উচিত নয় কিন্তু আন্টেরিকভাবে স্থান কাল বিবেচনা করে তাদের অনুসরণ করা উচিত।

ভ শাস্ত্র-প্রদন্ত আচার্যদের উপদেশাবলী অনুযায়ী প্রার্থীকে অবশাই ভার অভ্যাস পরিবর্তনে প্রস্তুত থাকতে হবে এবং ভগবানের সন্তুষ্টি বিধানের জান্য অর্জুনের দৃষ্টান্ত অনুসরণ করে ইন্দ্রিয়ভৃত্তি ও কঠোর বৈরাগ্য উভয়ই ভাগে করতে অবশ্য প্রস্তুত থাকতে হবে।

৭। তার ভগবদ্ ভজনের অনুকৃষ পরিবেশে বাস করা উচিত।

৮ কেবল তার ভরণপোষণের জন্য যতটা প্রয়োজন ততটা সম্পদেই তাকে সম্ভুষ্ট থাকতে হবে। সহজ ও সরল ভাবে জীবন ধারণের প্রয়োজনীয় সম্পদের অধিক সংখ্যের চেষ্টা করা উচিত নয়

৯ একাদশী ডিথিভে তাকে অবশা উপবাস করতে হবে

১০ বটবৃক্ষ, গো, ব্রাক্ষণ এবং ভক্তকে অবশ্য শ্রন্ধা জান্যন চাই ভগবল্ ভজন মার্গে এই নিয়মগুলি হল প্রাথমিক পদক্ষেপ ক্রমশ না-সচক অন্যান্য বিধিগুলিও গ্রহণ করা কর্তব্য .

১১। সেবা অপরাধ ও নামাপরাধ পরিত্যাগ করা চাই।

১১ অভস্তমন ত্যাগ করতে হবে।

১৩ বছ শিষ্য প্রহণ করা চলবে না এর অর্থ হল যিনি প্রথম বারটি বিধি সাফল্যের সঙ্গে অনুসবণ করেছেন তিনিও স্বয়ং একজন গুরু হড়ে পারেন, ঠিক যেমন সীমিত ছাত্রের ক্লাশে একজন উপদেশক হতে পারেন

১৪। শাস্ত্র থেকে উদ্ধৃতি দিয়ে তিনি নিজেকে একজন বিরাট পণ্ডিত রূপে প্রদর্শনের চেষ্টা কববেন না অন্যান্য শাস্ত্রের অতিরিক্ত কেতাবী জ্ঞানের দরকার নেই, তবে প্রয়োজনীয় শাস্ত্রীয় তত্মজ্ঞান তাঁব অবশ্য থাকা চাই, ১৫ জাগতিক লাভ-ক্ষতির কঠিন পরীক্ষার মধ্যেও উপরের ১৪ দকা নিয়ম বিধি প্রতিনিয়ত ও সাফল্যের সঙ্গে অনুশীলনের ফলে প্রার্থী তার মানসিক ভারসাম্য বজায় রাখতে পারবেন

১৬। পরবর্তী পর্যায়ে প্রাথীকে কোন অবস্থারই শোক-মোহে অভিতৃত হলে চলবে না।

১৭ তিনি যেমন অন্যের ধর্মীর ও উপাসনাগত মনোভাবের নিশা করবেন না, তেমনি পরমেশ্বর ভগবান ও ভগবস্তুভেরও নিশা করবেন না

১৮ ভগবান বা ভগবদ্ধভাবের নিন্দা তিনি কখনও সহ্য করবেন না

১৯। নারী-পুরুষের পারস্পরিক সংযক্ষ বিষয়ক আচরণ সম্পর্কে আলোচনায় তার অংশগ্রহণ করা উচিত নয়। অন্যাদের পারিবারিক বাপোরে অনর্থক বিষয় সম্পর্কে তার মনোনিবেশ করা উচিত নয়

২০. জীবমান্তকেই দৈহিক বা মানসিক ক্লেশ বা উদ্বেগ দেওয়া উচিত নয়।

২০টি নিয়মবিধির প্রথম তিনটি ইতিবাচক বিধি ঐকান্তিক প্রার্থীর পক্ষে অবশ্য পালনীয় ও একান্ত প্রয়োজন ঐকান্তিক প্রার্থীর আরও ৪৪টি বিধি পালনীয় তবে চৈতনা মহাপ্রভূ পাঁচটি বিধিকে সবচেয়ে প্রয়োজনীয় বলে নির্বাচন করেছেন। পরিণত জীবনের বর্তমান অবস্থার জন্য এই বিধি কটি নির্বাচিত হয়েছে

১। ভক্তসঙ্গ করা উচিত। ভক্তদের কথা মনেয়েয়ণ দিয়ে শোনা, তাদের পারমার্থিক প্রন্ম জিঞাসা করা প্রসাদ বিতরণ ও প্রহণ, তাদের কিছু দান করা এবং তাদের দান গ্রহণ করা।

২। সকল অবস্থায় পবিত্র হরিনাম কীর্তন করা। এই নাম কীর্তন ভগবদ্ উপলব্ধির এক সহজ পথা, যার জন্য কোনো মৃদ্য দিতে হয় না। যে কোন সময় অসংখ্য ভগবন্ধামের যে কোন একটি কীর্তন করা যায় নামাপরাধ পরিত্যাগে সচেষ্ট হওয়া উচিত দিবা ভগবন্ধাম আত্মপ্রকাশ করেন কৃষ্ণ ও সদ্গুরু উভয়ই নিম্নপট ভক্তকে সাহায্য কবেন। সদ্গুরু হচ্ছেন সকলেব হাদয়স্থ অন্তর্যামীর বহিঃপ্রকাশ ভগবদ্ অনুভূতিতে ঐকান্তিকভাবে আগ্রহী ব্যক্তিকে পরমাত্মা সদ্গুরুর সন্ধান দিয়ে তক্ষ্ণী সহোয্য করেন এইভাবে পরমার্থ অনুশীলনে আগ্রহী ব্যক্তিকে অন্তর ও বাহির থেকে সাহায্য করা হয়

ভগবদ্ প্রাণের শিক্ষা অনুযায়ী পরম সত্য তিন রূপে উপলব্ধ হয় প্রথমে নির্বিশ্ব ব্লক্ষ রূপে, তারপর প্রব্রহ্ম বা অন্তর্যায়ী পরমাত্মা রূপে। অগুর নিউট্রনকে পরমাত্মার প্রতিনিধিরূপে প্রহণ করা যেতে পারে, এই নিউট্রনও অগুতে প্রবেশ করে ক্রক্ষসংহিতায় এই তথ্য পাওয়া যায় বিল্পু চরমে তাঁকে সমগ্র ঐশ্বর্য, বল, যশ, ত্রী, জ্ঞান ও বৈরাগ্যে পূর্ণ অভিন্তা শক্তিবিশিষ্ট সর্বাকর্যক পরম পুরুষ (কৃষ্ণ) রূপে উপলব্ধি করা মনুষ্যরূপে অবতরণ করে, ভগবান শ্রীয়াম ও ভগবান শ্রীকৃষ্ণ এই হয়টি শক্তি পূর্ণরূপে প্রদর্শন করেছিলেন। এক গ্রেণীর মানুষই গুধু, যারা অনন্য কৃষ্ণভঞ্জ কোবল তারাই প্রামাণিক শাজের মাধ্যমে ভগবান কৃষ্ণরে চিনতে গারেল, আর জড়া প্রকৃতির প্রভাবে অন্যরা বিদ্রান্ত হয়। অতএব যাঁর সমান কেউ নেই, যার প্রতিষ্ক্রী কেউ নেই, সেই অন্বিতীয় পুরুষই ইচ্ছেন পরম সত্য ব্রহ্মজ্যোতি হল তাঁর দিব্য দেহের রিখ্মিছটা যেমন সূর্যর্যথি হল সূর্যের আলোকচেট্যা

বিবৃণপুরাণে জড়া শক্তিকে অবিদ্যা বা অজ্ঞান বলা হয়েছে, জার তা সকাম কর্ম, ইত্রিয়তৃত্তিরূপে প্রদর্শিত হয়েছে। জীবাত্মা যদিও ইন্দ্রিয় ভোগেব জন্য মায়া বিমোহিত হওয়ার প্রবণতা বশত জড়া প্রকৃতির পাশে আবদ্ধ হতে পারে, তবু সে পরা প্রকৃতি বা চিৎ শক্তিব অন্তর্গত এই অর্থে জীবাত্মা উৎকৃষ্ট তটন্থা শক্তি, অথচ জড় পদার্থ নিকৃষ্ট শক্তি। শ্রেয় চিৎশক্তি বা অপ্রাকৃত শক্তির সারিধ্য ছাড়া জড়ের বিকাশ হয় না এই শ্রেয় পরা প্রকৃতি সোজাসুজি চিন্মায় ব্যন্মের অবিচেছদ্য অংশ। সাধারণ লোকের কাছে জীবাদ্যা প্রদর্শিত এই পরা প্রকৃতিব বিষয়বস্তু নিঃসন্দেহে দুরহে, খুব জটিল এইজনাই জনগণের কাছে পরা প্রকৃতি আশ্চর্যজনক, চমকপ্রদ। কখনও কখনও জনগণ অপূর্ণ ইন্দ্রিয় দ্বারা আংশিকভাবে এই শক্তিকে হাদয়ঙ্গম করতে সক্ষম হয়, জাবার কখন এই প্রকৃতিকে বুঝতে সম্পূর্ণভাবে জনগণ রার্থ হয়। এই জন্য আচার্যশ্রেষ্ঠ কৃষ্ণ বা শুক্রশিষ্য পরস্পরা ধারায় তার প্রতিনিধি, কৃষ্ণভক্তের কাছ থেকে প্রবণ করা সবচেয়ে ভাল

ভগবদ্ উপলব্ধির জান্যই এই কৃষ্ণভাবনামৃত আন্দোলন বাইরে কৃষ্ণের প্রতিনিধি সদ্গুরু এবং অন্তরে পরমাদ্ধা কৃষ্ণ জীবকে সাহায্য করেন। সেই রকম পরিচালনার সুযোগ লাভ করে জীব তার জীবন সফল করতে পারে এই হরেকৃষ্ণ আন্দোলনকে বুঝবার জন্য আমরা প্রামাণিক শান্ত অধ্যয়নের জন্য প্রত্যেককে অনুরোধ করি। আমরা শ্রীমন্তগবদ্গীতা যথাযথ, 'প্রীটেতন্য শিক্ষামৃত', 'প্রীমন্তাগবঙ', 'লীলা পুরুষোভম শ্রীকৃষ্ণ' ও 'ভতিরসামৃত সিদ্ধু' প্রকাশ করেছি। প্রতি মাসে আমাদের পত্রিকা ভগবৎ দর্শন' অনেক ভাষায় আমরা প্রকাশ করিছি জন্ম-মৃত্যুময় সংসারকৃপ থেকে মানব সমাজকে উদ্ধার করাই হল আমাদের জীবনব্রত

কৃষ্ণপ্রাপ্তির জন্য সকলের সচেষ্ট হওয়া উচিত। 'ভগবং দর্শন' পত্রিকায় 'জড় জগতের উধ্বের' শিরোনামায় আমরা একটি প্রবন্ধ প্রকাশ করেছি। ওগবদ্গীতার জ্ঞান অনুষায়ী এই জগতের উধ্বের্য অগর একটি জগতের বিবরণ এখানে দেওয়া হয়েছে ভগবদ্গীতা একটি অতীব জনপ্রিয় শাস্ত্রগ্রন্থ আর আমেবিকায় এর অনেক সংস্করণ রয়েছে, আবার ভারতেও বহু আছে। তবে দৃঃখের বিষয় এই যে বহু নির্বোধ, মূর্য পাশ্চাতা দেশে ভগবদ্গীতা শিক্ষা দিতে আসে নির্বোধ নামেব যোগ্য এরা ধায়াবাজ কেননা এরা গীতার যথাযথ জ্ঞান প্রদান করে না আমাদের প্রকাশিত 'শ্রীমন্তগবদ্গীতা যথাযথ জ্ঞান প্রদান করে না আমাদের প্রকাশিত 'শ্রীমন্তগবদ্গীতা যথাযথ'-তে কিন্তু পরা প্রকৃতির প্রামাণিক বিবরণ প্রদান করা হয়েছে

এই সৃষ্টিকে বলা হয় 'প্রকৃতি' তবে উৎকৃষ্ট অন্য একটি প্রকৃতিও আছে। এই জড়া সৃষ্টি হচ্ছে নিকৃষ্ট প্রকৃতি কিন্তু এই ব্যক্ত জড়া সৃষ্টির অতীত, অব্যক্ত আর এক প্রকৃতি আছে, যাকে সনাতন বলে, যা শাশ্বত এটা সহজেই অনুধাবন করা যায় যে ব্যক্ত সবকিছুই এখানে অনিত্য, ক্ষণস্থায়ী। এর উজ্জ্বল দৃষ্টান্ত হল আমাদের দেহ। কারো ৩০ বছর বয়স হলে, অত বছর পূর্বে তার দেহের সৃষ্টি হয়েছে, আরও অত বছরে ঐ দেহটির নাশ হবে এটাই হল প্রকৃতির বস্ততঃ একটি নিয়ম। ঠিক যেমন সমূদ্রে ঢেউ উঠে। আবার ভা বিলীন হয়ে যায়, এর সৃষ্টি হল আবার তা বিলুপ্ত হল। জড়বাদীরা শুধু এই জনিত্য জীবন নিয়েই ব্যক্ত, যা মৃহুর্তের মধ্যে বিনম্ভ হতে পারে তার উপর, দেহ বিনম্ভ হলে, এই সমগ্র ব্রহ্মাণ্ড, এই বিশাল জড় সৃষ্টি বিলীন হবে আর আমরা ভাগ্যবান বা দুর্ভাগা যা-ই হই না কেন, এই পৃথিবীর বা অন্য গ্রহের সব কিছুই বিনষ্ট হবে। ভাহজে যেখানে সব্কিছুই নষ্ট হয়ে যাবে, সেই গ্রহ থাগ্রার প্রচেম্ভায় আমর। সময় নম্ভ করছি কেন ? বরং চিৎ জগৎ কৃষ্ণলোক যাত্রায় আমাদের প্রয়াসী হওয়া উচিত এটাই হল চিৎতত্ব; এই চিন্মা বিজ্ঞানই আমাদের অনুধাবন করতে হবে আর এই বিষয় হাদয়কম করে, এই বাণী সমগ্র বিশ্বে আমাদের প্রচার করতে হবে। প্রত্যেকেই অজ্ঞানের অন্ধকারে রয়েছে যথায়থ জ্ঞান না থাকা সম্বেও, তারা সবসময়ই বড়াই করে চলে দীর্ঘ ১০ বছরের প্রচেম্টার পর চাঁদে গিয়ে একখণ্ড পাথর নিয়ে ফিরে আসটা কোন জ্ঞানের প্রগতি সূচনা করে না মহাকাশচারীরা গর্বভাবে বলে 'আহা। আমি লক্ষ্যে পৌছেছি অথচ তারা কি পেল? এমনকি ঐ অন্য লোকে বসবাস করতে সক্ষয় হলেও, তা দীর্ঘ সময় নয় অবশেৰে সৰই ধ্বংস প্ৰাপ্ত হবে.

এমন প্রস্থলোকের অরেষণ করুন, যেখানে গেলে কখনও আর ফিরে আসতে হবে না যেখানে জীবন অনন্ত, যেখানে কৃষ্ণের সঙ্গে

নৃত্য করা যায়। এই হল কৃষ্ণভাবনামৃত অনুশীলনের তাৎপর্য <u>এই</u> আন্দোলনকে ঐকান্তিকভাবে গ্রহণ করুন কেননা কৃষ্ণভাবনামৃত অনুশীলন ধরো কৃষ্যকে লাভ করে, তাঁর সঙ্গে অনন্তকাল ধরে নৃত্য করার এক সুযোগ প্রদান করে। বৈদিক শাস্ত্র থেকে আমরা জানতে পারি যে এই জড়া প্রকৃতি হল ভগবানের সমগ্র সৃষ্টির মাক্র এক চতুর্থাংশ, তাঁর সৃষ্টির তিন চতুর্থাংশ হল চিৎ জগৎ ভগবদ্গীতা থেকে আমরা এই তথ্য লাভ করি। ভগবদ্গীতার ভগবান কৃংও বলেছেন, এই জড়া প্রকৃতি হচ্ছে সমগ্র সৃষ্টির এক নগণ্য অংশ মাত্র যতপুর দৃষ্টি যায় যদি আমরা উপরে আকাশের দিকে তাকাই, আমাদের দৃষ্টি তবু কেবল একটি ব্রহ্মাণ্ডেই নিবদ্ধ থাকবে সাকে সৃষ্টি, যাকে জ্বড়া প্রকৃতি বলে ভার মধ্যে অসংখ্য ব্রহ্মাণ্ড একসঙ্গে পৃঞ্জীভূত হয়ে রয়েছে তার উধর্ষে আছে চিদাকাশ, বা পরব্যোম, যা ভগবদৃগীতায়ও উল্লেখ করা হয়েছে। গীতায় কৃষ্ণ বলেছেন, জড়া প্রকৃতির অতীত অন্য এক প্রকৃতি আছে সেই প্রকৃতি স্নাতন, সেই প্রকৃতি শাদত এই প্রকৃতির আদির কোন ইতিহাস নেই আর এর অন্তও নেই। যার আদি ও অন্ত নেই তাকে সনাতন বলে উপ্লেখ করে। তাই এই বৈদিক সংস্কৃতির নাম সনাতন ধর্ম কেননা কেউ এই সংস্কৃতির সূচনার ইতিহাস খুঁজে পায় না। খ্রিস্টান ধর্মের দু'হাজার বছরের ইতিহাস আছে, আর মুসলিম ধর্মেরও একটি ইতিহাস আছে, কিন্তু বৈদিক সংস্কৃতির আদি অন্নেষণ করলে, তা কেউ খুঁজে বের করতে পারবে না। ভাই এই সংস্কৃতিকে সনাতন ধর্ম বলা হয়

আমরা সঠিকভাবে বলতে পারি যে তগবান এই জড়া প্রকৃতি সৃষ্টি করেছেন আর এর অর্থ হল ভগবান সৃষ্টির পূর্বেই ছিলেন এই 'সৃষ্টি করেছেন' কথাটা দ্বারাই অনুধাবন করা যায় বিশ্বসৃষ্টির পূর্বেই ভগবান বিরাজমান ছিলেন তাই ভগবান সৃষ্টির অধীন তত্ত্ব নন্, সৃষ্টির অধীনতত্ত্ব হলে কিভাবে তিনি সৃষ্টিকর্তা হলেন গ তাহলে তিনি জড়াপ্রকৃতি বা সৃষ্টির কোন এক বিষয় হতেন ভগবান কিন্তু সৃষ্টির কোন অধীন তত্ত্ব নন্। ভগবান সৃষ্টিকর্তা আব তাই তিনি সনাতন, তিনি শাশ্বত, তিনি অনন্ত

পরবোম নামে এক চিদাকাশ আছে দেখানে অসংখ্য বৈকুণ্ঠলোক আছে যেমন অসংখ্য বৈকৃষ্ঠবাসী আছেন। যারা ঐ চিমায়লোকে বসবাসের যোগ্য নয়, তাদের এই জড় জগতে প্রেরণ করা হয়। স্বেচ্ছার আমরা এই জড় দেহ ধারণ করেছি অথ৪ আমরা বস্তুতঃ চিম্মর জীবান্থা এই জড় দেহ ধারণ করা আমাদের উচিত হয় নি কখন এবং করে আমরা এই জড় দেহ ধারণ করেছিলাম তার ইতিহাস খুঁজে পাওয়া যাবে না কখন প্রথম মায়াবদ্ধ জীবাছা তা করেছিল তার ইতিহাস কেউ খুঁঞাে বের করতে পারে না ৮৪ লক্ষ জীবদেহ রয়েছে, জলে ৯ লক্ষ রকমের প্রজাতি আছে, ২০ লক্ষ রকমের সভাদি, দুঃখের বিষয় এই যে, এই বৈদিক শিক্ষা কোন বিশ্ববিদ্যালয়ে প্রদান করে না অথচ এসৰ বাভব সত্য উদ্ভিদ্তত্ত্ববিদ ও প্রত্নতত্ত্ববিদ্দের গবেষণা করতে দেওয়া হোক এই বৈদিক সিদ্ধান্ত সম্বন্ধে ভারউইনের জৈব পদার্থের বিবর্তনহাদ অবশ্য শিক্ষাপ্রতিষ্ঠানে বিশেবভাবে প্রসিদ্ধ। তবে ভাগবত পুরাণ ও অন্যান্য শাস্ত্রগ্রন্থে কিভাবে বিভিন্ন প্রস্লাতির জীবাত্মার বিবর্তন সম্পর্কে বর্ণনা করা হয়েছে এটি কোন এক নতুন ধারণা নয়, অথচ শিক্ষকরা ভারউইনবাদের কেবল গুরুত্ব আরোপ করছে, যদিও আমাদের বৈদিক সাহিত্যে জীখতত্ব সত্বন্ধে অশেষ তথ্য রয়েছে

সৃষ্টির বছ প্রকাণ্ডের জীবকুলের মধ্যে আমরা কেবল এক সামান্য ভয়াশে মাত্র এ জগতের জীবের জড় দেহ নিন্দনীয় যেমন, কারাগৃহের করেদীরা সরকারের কাছে নিন্দনীয়, কিন্তু সমগ্র জনগণের মধ্যে সংখ্যায় তারা সামান্য অংশ মাত্র। এমন নয় যে সমগ্র জনসাধারণই কারাগৃহে যায়, কেবল সরকাবী আইন অমান্যকারীরা কিছু করেদী হয় সেইবকম এই জড় জগতের মায়াবদ্ধ জীব হচ্ছে ভগবানে সৃষ্টি সমগ্র জীবকুলের কেবল এক ভগ্নাংশ মাত্র আর ভগবানকে অমান্য করয়ে, কৃষ্ণের আদেশ পালন না করায় তাদের মকলকে এই জড় জগতে বাস করতে হচ্ছে। জিড্যাসু ও জ্ঞানী ব্যক্তির অনুধাবনের চেষ্টা করা উচিত "এই মায়াবদ্ধ দশায় আমি পতিত হলাম কেনং—আমি তো সংসার যদ্ধা ভোগ করতে চাই না।"

দৈহিক ও ঘানসিক ক্লেশকে নিয়ে তিন রকম ক্লেশ আছে
আমেরিকার হাওয়াই বীপপুল্লে আমার ঘরের সামনে একটি লোক
জবাই করার জন্য কিছু পশু ও পাখী রেখেছিল আমার শিব্যদের
আমি এই দৃষ্টান্ত দিই 'পশুওলা এখানে দাঁড়িয়ে আছে, আর তুমি
তাদের ধল 'ওয়ে, বাছা পশুর দল, তোমরা এখানে দাঁড়িয়ে আছ কেন?
দৌড়ে পালিয়ে যাও ভোমাদের জবাই করার জন্য নিয়ে যাবে
কসাইখানায় ' ভারা কিন্তু পালিয়ে যেতে পারে না ভাদের সেই
বুদ্দি নেই। অজ্ঞানে, নিরাগজাহীনভাবে ক্লেশ ভোগ করা পশুর জীবন
যে অনুধাবন করতে পারে না যে সে ক্লেশযন্ত্রণা ভোগ করছে, অথচ
মনে করছে যে সে বেশ ভালোই আছে, সেটা হল পাশবিক চেতনা,
মানবচেতনা নয় ত্রিভাপ যন্ত্রণা সম্বন্ধে প্রকৃত মানুষের সচেতন হওয়া
উচিত। জন্ম, মৃত্যু, জরা ও ব্যাধি যন্ত্রণা সম্বন্ধে সভেতন হওয়া চাই,
আর এই সব ক্লেশ ভাপ থেকে উদ্ধারের পথ অনুসন্ধান করা চাই
এইটি হওয়া উচিত আমাদের গবেষণার বিষয়

আমাদের জাশ্মের শুরু থেকেই আমরা যন্ত্রণা ভোগ কবছি। মাতৃণর্ভে একটি শিশুরূপে মানুষ এক নির্দিষ্ট বায়ুপূর্ণ থলেতে ন'মাস অবস্থান করে। সে ঐ অবস্থায় ওখানে নভাচড়া পর্যন্ত করতে পারে না, সেখানে কীটবা ভাকে কামড়ায়, অথচ সে প্রভিবাদ করতে পারে না ভূমিষ্ঠ হওয়ার পরও সে ক্লেশ ভোগ করে চলে ভার মা নিঃসন্দেহে তার যথেষ্ট যত্ন নেয়, তবু শিশুটি কাঁদে কেননা তাকে যন্ত্রণা ভোগ করতে হয় পোকার কামড় বা ক্ষুধায় সে কাঁদে আর তার মা জানে না কি করে তাকে শান্ত করা যায়। মাতৃগর্ভ থেকেই তার যন্ত্রণা ভোগের শুরু জন্মের পর যেই সে বড় হতে থাকে, তথন আবার ক্লেশতাপ ভোগ করতে হয় সে যেতে না চাইলেও, স্কুলে যেতে সে বাধা হয়। সে পড়তে চায় না, অথচ শিক্ষক তাকে পাঠ লান করে। যদি আমরা জীবনকে বিশ্লেষণ করি, তাহলে আমরা দেখব যে আমাদের জীবন দৃঃখযন্ত্রণায় পরিপূর্ণ কেন তাহলে আমরা এই ভবসংসারে আসহি। মায়াবদ্ধ জীব তেমন প্রথম বৃদ্ধিমান না। আমাদের জাত্মজিজাসা করা চাই 'আমি দৃঃখন্ত্রেশ ভোগ করছি কেন। এই তাপক্রেশ থেকে উদ্ধারের পথ থাকলে, সেই সুযোগ আমাকে নিতে হথে

আমরা চিরন্তন পরমেশ্বর ভগবানের সঙ্গে সম্বন্ধযুক্ত কিন্তু এখন আমরা কোন না কোন ভাবে কড় কল্বতায় পূর্ণ অতএব এখন আমাদের এমন এক পদ্ধতি গ্রহণ করতে হবে যার মাধ্যমে আমরা আবার বৈকৃষ্ঠ, চিদ্ জগতে ফিরে যেতে পারি। সেই মিলনের পদ্ধতিকে 'যোগ' খলা হয় যোগ শলের যথার্থ অর্থ হল সংযুক্ত। এই মুহুর্তে আমরা ভগবান বা পরমন্ত্রশের সঙ্গে সমন্বন্ধবিহীন। কিন্তু যথন আমরা সংযোগ করব,—ভগবৎসম্বন্ধ যুক্ত হব, তখন আমাদের মানবর্জীবন সফল হবে। এই পূর্ণতা, সেই সিদ্ধদশায় পৌছবার জন্য আমাদের জীবদ্ধশায়ই অনুশীলন করতে হবে। আর যথন আমরা এই জড়দেই ত্যাগ করে সেই সফলতা বা পূর্ণতা অর্জন করতে চাই, তখন মৃত্যুর সময় প্রস্তুত হতেই হবে যেমন ছাত্ররা ২ থেকে ও বছর ধরে পরীক্ষাব জন্য প্রস্তুত হয় আর তাদের শিক্ষার চূড়ান্ত পরীক্ষা হয় তাতে উত্তীর্ণ হলে তারা বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী লাভ করে সেইরকম আমাদের জীবনে মৃত্যুর সময়ের পরীক্ষার জন্য আমরা যদি প্রস্তুত হই ও তাতে উত্তীর্ণ হই তাহলে আমরা চিন্ময় বৈকুন্তলোক প্রাপ্ত হই ও

মৃত্যুর সময় সবকিছুর পরীক্ষা হয়। বাংলায় একটা প্রবাদে বলা হয় 'সাধন কর, ভজন কর, মরতে জানলে হয়। যখন আমরা মরতে যাছি, ঠিক সেই মৃহূর্তে আমাদের কি করা উচিত তা ভগবদ্গীতায় বর্ণনা করা আছে। খ্যান যোগীদের জন্য ভগবদ্গীতায় (৮,১১১২) শ্রীকৃষ্ণ নীচের গ্লোকগুলি খলেছেন—

यमक्रवर (वर्षावित्यां वमछि विश्वष्ठि यम् यज्ञत्याः वीजवानाः । यमिष्टरखा जन्मात्रर्यर त्रविष्ठि ज्यातः समर मरक्षरद्वनं श्रवस्काः ॥

"বেদবিৎ পণ্ডিতেরা যাঁকে 'অক্ষর' বলে অভিহিত করেন, বিষয়ে আসজিশুনা সন্নাসীরা যাতে প্রবেশ করেন, ব্রহ্মচারীরা যাঁকে লাভ করার ইঙ্গোর ব্রহ্মচর্য পালন করেন, তাঁর কথা আমি সংক্ষেপে ভোমাকে বলব।"

> नर्रबाताचि मश्यम् गत्नां कृति निक्षः छ । पूर्वाधाराजनः शाणमाष्ट्रित्वा त्याणधात्रणम् ॥

'ইপ্রিয়ের সব কয়টি দ্বার সংযত করে, মনকে হাদয়ে নিরোধ করে এবং জন্ময়ের মধ্যে প্রাণ স্থাপন করে যোগে স্থিত হতে হয় "

এখন চোখ জড়া প্রকৃতির সৌন্দর্য উপভোগে বাস্ত, চোখকে সেই ভোগ থেকে নিবৃত্ত করে, আমাদের অন্তরের সৌন্দর্য দর্শনে নিযুক্ত কনতে খবে,—যাকে প্রভাহার বলে। সেই রকম অন্তর থেকে ওঁ শব্দ ব্রহ্ম প্রবণ করা চাই।

> उँ दें ि धकायन्तः द्वन्न ग्रह्यन् माम् धनुत्र्यवन् । यः श्रम्नाि जाञ्जन् (महर म गािज भवमार गािज्य् ॥

"যোগ অনুশীলনে নিরত হয়ে পবিত্র অক্ষবব্রদা ওঁ কার উচ্চারণ করে, পরমেশ্বর ভগবানকে স্মরণ করে কেউ দেহ ত্যাগ করলে, সে নিশ্চয় চিন্মানোক, বৈকুগগতি লাভ করকেন।" (গীতা ৮/১৩) এইভাবে সকল ইন্দ্রিয়কে সংযত করে মনকে ভগবান বিষ্ণুর শ্রীমৃতিতে আবিষ্ট করতে হযে একেই যোগসিদ্ধ অবস্থা বলে। মন অতীব চগগল। তাই মনকে হাদয়ে স্থির করতে হযে তা করা হলে প্রাণবায়ুকে ব্রহ্মরদ্ধে পাঠাতে হবে, তখন যোগ অনুশীলনে পূর্ণতা লাভ হবে।

সিদ্ধযোগী তথন কোন্ গ্রহলোকে যাবে, তা নির্ণন্ন করে জড় জগতে অসংখ্য গ্রহলোক আছে আর এইসব গ্রহলোকোর অতীত হছে চিম্মন, বৈকুণ্ঠলোক বৈদিক শান্তে খোগীরা এইসব তথ্য পেনেছেন। যেমন, আমেরিকার আসবার আগে বই থেকে আমি এই দেশের বিবরণ পড়েছিলাম। সেই রকম উচ্চলোক ও চিম্মন বৈকুণ্ঠলোকের বিবরণ বৈদিক শান্তে পাওয়া যায়। যোগী এসব জানেন, তাই তিনি ইছামতো যে কোন গ্রহলোকে স্বয়ং যেতে পারেন। তবে এ কাজে তার কোন মহাকাশ্যানের প্রয়োজন হয় না।

জড়থিজানীরা বহু বহুর ব্যাপী চেষ্টা করে চলেছেন, আর তারা একশ বা হাজার বহুরের বেশী চেষ্টা করে থাবেন তবে তারা কোন প্রহলোকেই পৌছতে পারকেন না। হয়তো বৈজ্ঞানিক পছার দু-একজন কোন গ্রহলোকে পৌছতে পারেন কিন্তু সেটা কোন সাধারণ পছা নর অন্য লোক প্রান্তির স্বীকৃত সাধারণ পছা হল যোগ বা জ্ঞান মার্গ অনুশীলন। তবে ভক্তিযোগ, ভক্তিমার্গ জড় জগডের কোন গ্রহলোক প্রান্তির জন্য নয়। যারা পরমেশ্বর ভগবানের সেবা বা ভক্তিযোগের জনুশীলনে নিযুক্ত তারা এই জগতের কোন গ্রহলোকে যেতে আগ্রহশীল নর কেননা তারা জানেন, যে গ্রহলোকই তিনি গ্রাপ্ত হোন, সেখানেও তিনি ভবসংসারের চাবটি অবস্থা দেখতে পারকেন। কোন কোন গ্রহলোকে জীবের আয়ুদ্ধাল এই জগতের জীবের চেয়ে অনেক দীর্ঘ হলেও সেখানে মৃত্যুও আছে যারা কৃষ্ণভাবনাময় তারা কিন্তু জন্ম, মৃত্যু, জরা ও ব্যাধিময় ভবসংসার অতিক্রম করে কৃষ্ণভাবনামর জীবন, পারমার্থিক জীবন মানে হচ্ছে এই সংসারক্রেশ থেকে মুক্তি। ভগবদগীতার (২/২০) শুরুতেই তা প্রতিপন্ন হয়েছে— ন *হনাতে হন্য মানে শরীরে।* আমরা জীবাত্মা, আর তাই আমরা শাশ্বত, সনাতন, তাহলে আমরা জন্ম, মৃত্যু চন্দ্রের অধীন হব কেন? এই ভাবনা উন্নত বৃদ্ধিমন্তার পরিচয় যারা কৃষ্ণভাবনাময় তারা খুবই বৃদ্ধিমান কাম্পুণ তারা জড় জগতের কোন গ্রহলোক প্রাপ্তিতেই আগ্রহণীল নয়, সেখানে জীবের আয়ুদ্ধাল সুদীর্ঘ হলেও বরং, তারা ভগবানের মতো এক দেহ লাভ করতে চান - *ঈশ্বঃ পরমঃ কৃষ্ণঃ* স্ক্রিদানন্দ বিগ্রন্থ (ব্রম্বানংহিতা ৫/১) ভগবং দেহ স্ক্রিদানন্দ্ময় সং মানে শাখত, সনাতন, আর টিং মানে জানময় , 'আনন্দ' হজেই আনন্দপূর্ণ। ক্রুডাধনাময় জীবন মানেই হল এই সংসার ক্লেশ, ভবযন্ত্রণা থেকে মৃত্তি এই জন্যই বৃদ্ধিসান ব্যক্তিরা জড় জগতের কোন গ্রহলোক প্রান্তিতে প্রয়াসী হন না। আজকাল মানুর চন্দ্রলোকে যাওয়ার চেষ্টা করছে আর চম্রলোকে যাওয়া খুবই কঠিন হলেও, যদি সেখানে আমরা প্রবেশ করতে পারি আমাদের আয়ু অনেক বর্ধিত হবে। অবশা এই দেহের জীবনের ক্ষেত্রে তা প্রয়োজ্য নয় এই দেহে যদি আমাদের চন্দ্রলোকে প্রবেশ করতে হয়, সেই মৃষ্টুর্তেই আমাদের মৃত্যু নিশ্চিত।

কোন গ্রহলোকে প্রবেশ করলে, সেই গ্রহলোকের উপযুক্ত দেহ থাকা চাই। প্রভ্যেক গ্রহলোকে বসবাসকারীর সেই গ্রহের উপযুক্ত দেহ রয়েছে যেমন, আমরা এই দেহে জলে প্রবেশ করতে পারি তবে আমরা সেখানে বসবাস করতে পারি না। সেখানে হয়তো আমরা ১৫ কি ১৬ ঘণ্টা থাকতে পারি, বা ২৪ ঘণ্টাও থাকতে পারি। কিন্তু ঐ পর্যন্তই, অথচ জলে সারটো জীবন যাগনের উপযুক্ত শরীর জল জীবদের রয়েছে। সেই রকম কেউ একটা মাছকে জল থেকে তুলে জমিতে রাখলে অচিরেই মাছটির মৃত্যু হবে। এমনকি এই গ্রহের বিভিন্ন জায়গার জীবনযাপনের উপযুক্ত বিভিন্ন রকম দেহ রয়েছে সেইরকম অন্য গ্রহলোকে প্রবেশ করবার জন্য এক উপযুক্ত দেহ লাভের জন্য আমাদের প্রস্তুত হতে হবে।

কোন জীবাত্মা যৌগিক পদ্মান চন্দ্রলোকে গমন করে সে সুদীর্ঘ জীবন প্রাপ্ত হয়। আমাদের ৬ মাসে উধর্ষলোকের একদিন হয়। এইভাবে চন্দ্রলোকবাসী ১০ হাজার বছর বাঁচে। বৈদিক শান্তের এই বিবরণ। এইভাবে একজন সুদীর্ঘ জীবন লাভ করকেও, তবু মৃত্যু সেখানে রয়েছে। দশ, বিশ বা এমনকি লক্ষ লক্ষ বছর গরও মৃত্যু আসে।

বস্ততঃ আমরা অবিনশ্বর। ভগবদ্গীতায় (২/২০) তা সমর্থন পাওয়া বায় ঃ ন হন্তে হন্যমানে শরীরে। আমরা চিয়য় আয়া, আর তাই আমরা শাশ্বত। তাহলে আমরা জয় মৃত্যু চক্রেন অধীন হব কেন ঃ এই ভাবে চিন্তা করা বুদ্ধিমতার লক্ষণ। কৃষ্ণভাবনা অনুশীলনকারী খুবই বুদ্ধিমান কেনা সুদীর্ঘ জীবনকাল সত্ত্বেও, মৃত্যুময় উর্মলোক প্রাপ্তিতে ভারা আপ্রহী নয়। পক্ষান্তরে, তারা ভগবানের মতো দেহ লাভ করতে চায়। ঈশ্বরঃ পরয়ঃ কৃষ্ণঃ সচিদানন্দবিপ্রহঃ (ব্রহ্মসংহিতা ৫/১)। ভগবদেহ সনাতন, চিয়য় ও আনন্দঘন। সং মানে সনাতন। চিৎ মানে চিয়য়। আনন্দ হচ্ছে আনন্দঘন। আমাদের বই 'রসরাজ কৃষ্ণ' এ উল্লেখ করা হয়েছে যদি আমরা চিত্তাগৎ কৃষ্ণলোক বা অন্যু কোন বৈকৃষ্ঠলোকে যাই তাহলে আমরা ভগবানের মতো এক সচিদানন্দ অর্থাৎ সনাতন, চিয়য় ও আনন্দঘন দেহ লাভ করব। তাই যারা জড় জগতের অপেক্ষাকৃত উল্লভলোকে যাওয়ার চেস্টা করছেন ভানের চেয়ে যাঁরা কৃষ্ণভাবনাময় হওয়ার প্রয়াসী তাদের লক্ষ্য ভিয়। ভগবান কৃষ্ণ বলেছেন 'মূর্ধনাধ্যাৎ মন প্রাণম্ব আস্থিতো

যোগধারণম্' অর্থাৎ চিজ্জগতে যাওয়া হল যোগসাধনার সিদ্ধি। (গীতা ৮/১২)

জীবাত্মা হল দেহস্থ এক অণু কণা মাত্র। আমরা এই চিৎকণকে দেখতে পাই না। যোগ অনুশীলনকারী আত্মাকে ব্রদারক্ষে উঠায়। জীবিতাবস্থায় এই অনুশীলন চলে, যখন ব্রত্মারদ্ধে নিজেকে স্থাপন করে কেউ, তখন তার মধ্য দিয়ে বের হতে পারে, তখন সে সিদ্ধিলাভ করে। তখন তিনি তার ইচ্ছাসতো যে কোন উধ্বলোকে যেতে পারেন এইটি হচ্ছে যোগীর সামলা।

যোগী যদি চন্দ্রলোক দেখতে উৎসুক হন্, তিনি বলতে পারেন 'আহা। দেখা থাক্ চন্দ্রলোক বেচান। তখন আমি উর্ধ্বলোকসমূহে যাব, ঠিক বেমন দেশ অমণকারীর। ইউরোপ, ক্যালিফোর্ণিয়া, কানাডা বা অন্যান্য দেশে যায়। যোগ অনুশীলনের মাধ্যমে বছ গ্রহলোকে যাওয়া যায়, তবে যেখানেই সে যাক্ ভিসা (প্রবেশাধিকারপত্র) ও শুদ্ধ খ্যবস্থা দেখবে দে। অন্য লোকে যেতে হলে যোগ্যভা সম্পন্ন হওয়া চাই।

অনিত্য গ্রহলোকের জীবনকাল সুদীর্ঘ হলেও, কৃষ্ণভাষনাময় ব্যক্তিরা সেখানে যেতে আগ্রহী নন। মৃত্যুর সময় যোগী শব্দবন্ধ ও কার উচ্চারণ করতে পারে আর সেই সময় মামৃ অনুস্থার, কৃষণ, বিষ্ণুকে স্মরণ করে, তিনি পরম গতি লাভ করেন। যোগ সাধনার লক্ষ্য বা উদ্দেশ্য হল মনকে বিষ্ণুতে কেন্দ্রীভূত করা। নির্বিশেষবাদীরা কল্পনা করে যে তারা ভগবান বা বিষ্ণুর রূপ দর্শন করে কিন্তু সবিশেষবাদীরা তা কল্পনা করে না, বস্তুতঃ তারা পরমেশ্বর ভগবানের রূপ দর্শন করে। কল্পনার মাধ্যমে মনকে কেন্দ্রীভূত করা হোক্, বা বস্তুতঃ তারে দর্শন করেক্, যে কোন ক্ষেত্রই—বিষ্ণুর রূপে মনকে কেন্দ্রীভূত করা চাই। মাম্ এর অর্থ পরমেশ্বর ভগবান বিষ্ণুতে। ভগবান বিষ্ণুতে মন কেন্দ্রীভূত করে দেহত্যাগ করলে, দেহান্তে তিনি ভগবদ্ধাম

বৈকুণ্ঠলোকে প্রবেশ করে। যারা বাস্তবিকই যোগী তারা অন্য কোন লোকে প্রবেশ করার ইচ্ছা করেন না, কেননা তারা জানেন অন্যান্য অনিত্য গ্রহলোকে জীবনও অনিত্য আর তাই সেথানে যেতে তারা আগ্রহী নয়। এটা বৃদ্ধিয়তার গরিচয়।

ভগবদ্গীতা অনুযায়ী যারা অনিত্য সুখ, জীবন ও সুযোগ সুবিধায় তৃপ্ত, তারা বৃদ্ধিমান নয়। অন্তবং তু ফলম্ তেয়াম্ তদ্ ভবতি অল্পমেধসাম্ অর্থাৎ "অল্প বৃদ্ধিসম্পন্ন ব্যক্তিরা অনিত্য বস্তুতে আগ্রহশীল।" এটা হল শ্রীমন্তগ্রদ্গীতার বাণী। আমি অবিনাশী, তাহলে আমি কেন নশ্বর অনিত্য বস্তুতে আগ্রহী হবং কে অনিত্য অক্তিম্ব চায়ং—কেউই তা চায় না। আমরা কোন আবাসনে থাকলে, মালিক গৃহত্যাগ করতে বললে, আমরা দুংখ পাই তবে আমরা আরো আল আবাসনে গেলে, দুঃখিত ইই না। এই হচ্ছে আমাদের প্রবণতা। আমরা মরতে চাই না কারণ আমরা অবিনশ্বর, আমরা শাশ্বত।

ভৌতিক পরিবেশ আমাদের অবিনশ্বরতা কেছে নিচেছ।
শ্রীমন্তাগবতে বলা হয়েছে 'স্র্বোদয় থেকে স্থান্ত পর্যন্ত, স্থাদের
আমাদের জীবনকাল কয় করে চলেছেন। প্রতিদিন আমাদের আয়ৢয়াল
হাস পাছে। সকালে ৫.৩০টায় স্র্যোদয় হলে, সন্থায় ৫.৩০টায় ১২
ঘণ্টা আমাদের জীবনকাল থেকে চলে গেছে। এই সময়টা আমরা
জীবনে আর কখনও ফিরে পাব না। আয়রা যদি বিজ্ঞানীকে বলি
'আপনাকে ১২ কোটি টাকা দেব, দয়া করে আমাকে ঐ ১২ ঘণ্টা
ফিরিয়ে দিন', তিনি বলবেন 'না, তা দেওয়া সম্ভব নয়।' বিজ্ঞানী তা
পারেন না। তাই শ্রীমন্তাগবতে বলা হয়েছে 'উদয় থেকে অন্ত পর্যন্ত
সূর্য আমাদের জীবনকাল কয় করে চলেছে।'

অতীত, বর্তমান এবং ভবিষ্যৎ সময়কে 'কাল' বলা হয়। এখন যা বর্তমান, আগামীকাল তা-ই হবে অতীত। এখন যা ভবিষ্যৎ, আগামীকাল তা-ই হবে বর্তমান। কিন্তু অতীত, বর্তমান ও ভবিষ্যৎ হল দেহেরই অতীত, বর্তমান ও ভবিষাৎ। আমরা অতীত, বর্তমান ও ভবিষাৎ কালের নয়। আমরা সনাতন, আমরা শাশ্বত, অবিনশ্বর। আহার, নিজা, মৈথুন ও আত্মরক্ষার পাশবিক প্রবণতা—মানবজাতির উন্নত চেতনাকে ব্যবহারের জন্য নয়, তবে শাশ্বত জীবন লাভের সহায়ক মূল্যবান পথের অশ্বেষণের উদ্দেশ্যে। বলা হয় যে আমাদের জীবনের প্রতিটি মিনিট, প্রতি ঘণ্টা, প্রতিটি দিন কালচক্রের করাল প্রাসেতা কয় হয়ে যাছে। অথচ আমরা উত্তমশ্রোক, হরিকথামূত আত্মাদনে নিযুক্ত হলে সেই সময়গুলি অক্ষয় হয়ে য়য়। মন্দিরে কৃষ্ণানুশীলনে রত ভক্তের জীবন অক্ষয়। কৃষ্ণানুশীলন এক শাশ্বত, অবিনশ্বর সম্পদ্ধ এই সম্পদের কয় নেই, এই সম্পদ অক্ষয়। জড় শরীর সম্বন্ধে বলা য়য়, এই দৈহিক জীবন বিনম্ভ হয়। তবে দেহ রক্ষার চেন্টা করলেও, কেউ তা পারে না। কৃষ্ণভাবনামূত অনুশীলনে আমরা যে পরাবিদ্যালাভ করি কালের প্রভাবে তার বিনাশ হয় না—তা এক অক্ষয়, অবিনশ্বর, শাশ্বত সম্পদ হয়ে থাকে।

হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে । হরে রাম হরে রাম রাম রাম হরে হরে ॥

এই মহামন্ত্র কীর্তন খুবই সহজ। শরীরের উপর কালের প্রভাবের মতো হরিনাম কীর্তনে কাল অতিবাহিত হয় না। ৫০ বছর আগে আমি একজন যুবক ছিলাম; সেই সময় চলে গেছে, তাকে আর ফিরিরে আনা যাবে না। আমি আমার গুরুদেবের কাছে যে দিবাজ্ঞান লাভ করেছি তা কিন্তু ক্ষয় হবে না, বিনম্ভ হবে না—আমার সঙ্গে থেকে যাবে। এমনকি আমি দেহত্যাগ, করলেও, তারপর ঐ জ্ঞান আমার সঙ্গে যাবে আর ঐ জ্ঞানের মাধ্যমে জীবনে পূর্ণতা প্রাপ্তি হলে, সনাতন ধাম লাভ হবে।

জড় জগৎ ও চিচ্ছগৎ উভয়ের মালিক কৃষ্ণ, আমরা কোন জিনিসেরই মালিক নই। ঠিক যেমন সরকার রাষ্ট্রের সব কিছুর মালিক,

তা কয়েদখানার হোক বা তার বাইরের হোক। বদ্ধ জীবন এই জড জগতের কয়েদখানার জীবনের মতো। কয়েদী স্বেচ্ছায় তার কারাগৃহ পরিবর্তন করতে পারে না। একজন সাধারণ নাগরিক এক গৃহ থেকে অন্য গৃহে যেতে পারেন। কিন্তু কারাজীবনে ভা কেউ পারে না। কয়েদীকে তার নির্দিষ্ট কারাকক্ষেই থাকতে হবে। জড় জগতের এইসব গ্রহলোকগুলি সবই কারাকক্ষের মতো। আমরা চন্দ্রলোকে যাওয়ার চেষ্টা করছি অথচ যাদ্রিক উপায়ে কার্যতঃ তা সভব নয়। আমরা আমেরিকান, ভারতীয়, চীনদেশবাসী বা রাশিয়ান যা-ই হই না, আমাদের বসবাসের জন্য এই প্রহলোক দেওয়া হয়েছে। কোটি কোটি প্রহলোক থাকলেও, আমাদের অনেক যন্ত্রপাতি থাকলেও, তবু ভগবানের আইন, প্রকৃতির পাশে আবদ্ধ হওয়ার জন্য আমরা স্বেচ্ছায় এই জায়গা জ্যাগ করতে পারি না। কোন কারাগৃহে আবদ্ধ ব্যক্তি উচ্চতর কর্তৃপক্ষের অনুমোদন হাড়া স্বেচ্ছায় অন্য কারাগুহে যেতে পারে না। কৃষ্ণ ভগবদুগীতার বলেছেন যে, কারাগৃহের কক্ষ থেকে কক্ষান্তরে যাওয়ার প্রচেষ্টা করা উচিত নয়। এইভাবে কেউ সুখী হতে পারে না। কোন করেদী যদি মনে করে আমি কারাগারের এই কক্ষে আছি আমার কক পরিবর্তনে কারারক্ষককে আমি অনুরোধ করি, আর তাহলে আমি সুখী হব"—সেটা ভূল ধারণা। কারাগারের প্রাচীরের ভিতরে যতক্রণ কেউ থাকে, সে কখনও সুখী হতে পারে না। কারাকক্ষ পরিবর্তন ধারা পুঁজিবাদী থেকে সাম্যবাদী হয়ে আমরা সুখী হতে চেষ্টা করছি। এই মতবাদ বা ঐ মতবাদ—এসব থেকে যুক্তি লাভ—আমাদের লক্ষ্য হওয়া উচিত। জড়বাদের এই 'মতবাদ'কে সম্পূর্ণ পরিবর্তন করা চাই, আমরা তথন সুখী হতে পারব। এই হচ্ছে ক্ষকভাবনামতের কর্মসূচী. কার্যক্রম।

আমরা পরম পুরুষের উপদেশ গ্রহণ করছি। তিনি বলেছেন, প্রিয় অর্জুন, তুমি ব্রহ্মলোক নামে সর্বোচ্চ গ্রহলোকে উন্নীত হতে পারো। আর অভীষ্ট লোকে বসবাসকারীর জায়ু অতি দীর্ঘ। আমরা এমনকি ব্রহ্মলোকের অর্থদিবসের সময়েরই হিসাব করতে পারি না, তা আমাদের গাণিতিক হিসাবের উদ্বেধ। কিন্তু ব্রহ্মলোকেও মৃত্যু আছে। এইজন্য কৃষ্ণ বলেছেন 'উচ্চতর লোক বা এক গ্রহ থেকে জন্য গ্রহে যাওয়ার চেষ্টায় সময় নষ্ট কর না।"

আমেরিকায় জনগণকে আমি দেখেছি যারা বিরামহীন, ব্যক্ত। তারা গৃহ থেকে গৃহান্তরে, দেশ থেকে দেশান্তরে যায়। ঐ রকম ব্যক্ত মানসিকতার কারণ হল আমরা আমাদের নিত্য আবাস, নিত্য ধামকে খুঁজে চলেছি। স্থান থাকে স্থানান্তরে গিয়ে নিত্য, শাশ্বত জীবন লাভ করা যায় না। কৃষ্ণ সামিধ্যে জীবন শাশ্বত, জীবন অনন্ত। তাই কৃষ্ণ বলেকে। 'আমি সবকিছুর মালিক। গোলোক বৃন্দাহন নামে আমার অতি চনৎকার ধাম আছে। এই ধাম লাভে ইচ্ছুক হলে তাঁকে অবশ্যই শুধু কৃষ্ণভাবনাময় হতে হবে আর কৃষ্ণের আবির্ভাব-তিরোভাব হৃদয়সম করা চাই। কৃষ্ণের স্বরূপ, জীবের স্বরূপ, জীব ও ভগবানের সম্বন্ধ আন এবং এই সম্বন্ধ জান অনুযায়ী জীবন যাপন করা চাই। কেবল বিজ্ঞানভিত্তিক এইসব তত্ত্ব হৃদয়সম করার চেষ্টা করতে হবে। কৃষ্ণভাবনামৃতে সবকিছুই বিজ্ঞানভিত্তিক। এই কৃষ্ণভাবনামৃত আজেবাজে, খেয়ালখুশী, ভাবুকতা, অদ্ধ গোঁড়ামি বা কল্পনাশ্রস্ত কিছু নয়। কৃষ্ণভাবনামৃত হল পরমতন্ত্ব, বান্তব সত্য। তত্তঃ কৃষ্ণকে অবশ্য জানা চাই।

ইচ্ছায়, অনিচ্ছায় আমাদের এই শরীর জ্যাগ করতে হবে। এমন দিন আদবে যখন আমাদের প্রকৃতির নিরমাধীন হতে হবে এবং এই দেহ ত্যাগ করতে হবে। এমনকি তার শোভাযাত্রায় প্রেসিডেণ্ট কেনেডিকে পর্যন্ত প্রকৃতির নিয়মের অধীনে এক দেহ থেকে অন্য দেহ প্রহণ করতে হয়েছিল। তিনি বলতে পারেন নি 'ওহে, আমি প্রেসিডেণ্ট, আমি কেনেডি, আমি অন্য দেহ গ্রহণ করব না। তিনি দেহান্তরিত হতে বাধ্য হয়েছেন। এইভাবে প্রকৃতি কাজ করে। প্রকৃতি কিভাবে কাজ করে, তা হনেয়কম করাই হল উন্নত মানব চেতনার উদ্দেশ্য। মানবচেতনা ছাড়াও কিজ্ব—কুকুর, বিড়াল, কীট, বৃক্ষ, পাখী, পশু ও অন্যান্য সকল প্রজাতি জীবের চেতনা আছে। তবে সেই চেতনায় জীবন যাপনের জন্য আমরা নই। শ্রীমন্তাগবতে উল্লেখ আছে যে অনেক অনেক জন্মের পর আমরা মানব দেহ লাভ করেছি। এখন আমরা বেন এই দেহের অপব্যবহার না করি। দয়া করে কৃষকভাবনার বিকাশ করে এই মানব জীবনের উপযোগ করুন ও সুখী হউন।

সমাপ্ত